অসম সরকার

বিদ্যালয় শিক্ষা বিভাগ

শৈক্ষিক দিনপঞ্জি

শিক্ষাবর্ষ

২০২৪-২৫

(ক শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত)



প্রস্তুতকর্তা

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-- ৭৮১০১৯

শৈক্ষিক দিনপঞ্জি ২০২৪-২৫

দিনপঞ্জির উল্লেখযোগ্য দিকগুলি

❑ দৈনন্দিন নির্ধারিত সময়ে প্রাতঃসেভার মাধ্যমে বিদ্যালয়ের কার্যসূচি আনুষ্ঠানিকভাবে অনুষ্ঠিত করবেন। প্রাতঃসভায় প্রতিদিন রাষ্ট্রীয় সংগীত বা অসমের জাতীয় সংগীত পরিবেশনের ব্যবস্থা করবেন।

❑ প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের মধ্যে যাতে ছোটোবেলা থেকে সু-স্বাস্থ্য ও সু-অভ্যাস গড়ে ওঠে তার জন্য প্রত্যেক শিক্ষক-শিক্ষয়িত্রীরা নিম্ন প্রদত্ত বিষয়গুলি লক্ষ করবেন-

— শৌচালয় ব্যবস্থা
— পানীয় জল এবং খাদ্য গ্রহণ
— পরিষ্কার-পরিচ্ছন্নতা

বিদ্যালয়ের সময়সূচি-

প্রাক-প্রাথমিক শ্রেণির শিশুদের জন্য নির্ধারিত ৪ ঘণ্টা সময় নিম্ন প্রদত্ত ধরনে ভাগ করে নেবেন-

প্রাতঃসেভা (প্রয়োজন অনুসারে এই সময় বৃদ্ধি হতে পারে)	- ১৫ মিনিট
বার্তালাপ/বৃত্তাকার সময়	- ৩০ মিনিট
মিশ্রকথিত পদ্য/গীত/সংগীত/গতি	- ৪৫ মিনিট
ধারণার সময়/প্রাক্-সাক্ষিক জ্ঞান	- ৬০ মিনিট
কলা/ভাস্কর্য/মুক্তখেলা/কোণের সময়	- ৩০ মিনিট
মধ্যাহ্ন ভোজন বিরতি	- ৩৫ মিনিট
উদীয়মান সাক্ষরতা/কাহিনির সময়	- ৪০ মিনিট
বাইরের খেলা	- ৩০ মিনিট
সমাপন	- ১৫ মিনিট

অন্যান্য শ্রেণির ছাত্র-ছাত্রীরা ৬ ঘণ্টা ২৫ মিনিট (সকাল ৯ টা থেকে দুপুর ৩.২৫ টা পর্যন্ত) বিদ্যালয়ে উপস্থিত থাকবে। এই সময়টুকু নিম্ন লিখিত ধরনে বিতরণ করবেন-

প্রাতঃসেভা	- ১৫ মিনিট
শৈক্ষিক আদান প্রদান	- ৫ ঘণ্টা ২৫ মিনিট
প্রথম বিরতি	- ১০ মিনিট
মধ্যাহ্ন ভোজন বিরতি	- ৩৫ মিনিট

❑ ২০২৪-২৫ শিক্ষাবর্ষের **মোট কর্মদিন- ২৫৪, মোট শ্রেণিদিন-১৯৯**

❑ জেলা কর্তৃপক্ষের ঘোষণা অনুযায়ী স্থানীয় বন্ধের দিনগুলি পালন করবেন।

❑ কোনো বিশিষ্ট ব্যক্তির বিয়োগ হলে সেইদিন শ্রেণি শেষ হওয়ার পর 'শোক সভা' অনুষ্ঠিত করবেন। কোনো কারণেই যাতে জেলা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিদ্যালয় বন্ধ বা অর্ধছুটি ঘোষণা করা না হয় তার প্রতি লক্ষ রাখবেন।

❑ রাজ্য সরকারের নির্দেশমর্মে সময় অনুযায়ী শৈক্ষিক দিনপঞ্জি পরিবর্তন হতে পারে, এই পরিবর্তনসমূহ যথা সময়ে জানানো হবে।

❑ মোট শ্রেণিদিন অপরিবর্তিত রেখে কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে বরাক উপত্যকায় পুজোর বন্ধ ১০ দিন বাড়িয়ে দিয়ে গরমের বন্ধের সমসংখ্যক দিন কমিয়ে নিতে পারবেন।

❑ চাবাগান এলেকার ছাত্র-ছাত্রীদের সুবিধা অনুযায়ী নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের জন্য সকাল ৭.৩০ টা থেকে দুপুর ১২.১৫ টা পর্যন্ত এবং উচ্চ প্রাথমিকের জন্য সকাল ৭.৩০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছে।

❑ বন্যা বা অন্যান্য কোনো কারণে শিক্ষাদান ব্যাহত হলে বন্ধের দিনে, রবিবারে বা পরবর্তী কর্মদিনে স্কুল ছুটির পর পাঠদান করে এইঘাটতি পূরণ করবেন।

❑ প্রতি মাসে সুবিধা অনুযায়ী যেকোনো একটি শনিবারে মণ্ডল দক্ষ শিক্ষক সভা, কেন্দ্র সভা এবং উচ্চ প্রাথমিক পর্যায়ের জোনেল মিটিং অনুষ্ঠিত করবেন। কিন্তু এই বিষয়ে লক্ষ রাখতে হবে যে এর জন্য নিয়মিত পাঠদান যেন ব্যাহত না হয়।

❑ বিশেষভাবে সক্ষম শিশুদের (Children with Special Needs (CWSN)) পাঠ আদান-প্রদানের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষয়িত্রীরা প্রয়োজন অনুযায়ী কারিকুলামে সন্নিবিষ্ট ক্রিয়াকলাপসমূহ পরিবর্তন করে তাদের উপযোগী যাতে হয় সেই অনুযায়ী অনুকূল ব্যবস্থা গ্রহণ করবেন।

❑ শিক্ষক-শিক্ষয়িত্রীরা শিশুদের পিতৃ-মাতৃ এবং অভিভাবকদের সঙ্গে প্রত্যেক মাসে কমপক্ষে একবার করে সাক্ষাৎ করবেন। যেখানে শিশুদের উপস্থিতি, শেখার দক্ষতা, শেখার ফলাফল এবং তাদের ব্যক্তিগত সামাজিক গুণরাজির বিকাশ সম্পর্কে তাদের পিতৃ-মাতৃ এবং অভিভাবকদের অবগত করবেন।

নিপুন অসম

(বুনিয়াদি সাক্ষরতা এবং সাংখ্যিক ধারণা নিশ্চিত করার এক রাজ্যব্যাপী অভিযান)

শিক্ষানীতি, ২০২০ অনুযায়ী বিদ্যালয় পূর্ববর্তী স্তর থেকেই শিশুদের বুনিয়াদি সাক্ষরতা (Foundational Literacy) এবং বুনিয়াদি সাংখ্যিক ধারণা (Foundational Numeracy) র দক্ষতা আয়ত্তকরণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এই শিক্ষানীতি উপর ভিত্তি করে ৩-৯ বছর বয়সের অর্থাৎ প্রাক-প্রাথমিক স্তর থেকে তৃতীয় শ্রেণিপর্যন্ত সকল শিশুদের বুনিয়াদি সাক্ষরতা ও সাংখ্যিক ধারণার শেখন ফলাফলসমূহ ২০২৬-২৭ সালের মধ্যে নিশ্চিত করার জন্য ভারত সরকারের শিক্ষা বিভাগ 'নিপুন ভারত' (NIPUN-National Initiative for Proficiency in Reading with Understanding Numeracy) নামক একটি মিশনের সূচনা করেছেন। অসম সরকারের শিক্ষা বিভাগ সেই লক্ষ্যকে সামনে রেখে এই মিশনকে 'নিপুন অসম' নামে নামাঙ্কিত করেছেন। এর সফল রূপায়ণের জন্য শৈক্ষিক এবং প্রশাসনিক স্তরে কার্যসূচি আরম্ভ করেছেন। 'নিপুন অসম' মিশনকে সফলভাবে রূপায়ণ করতে হলে সকলের সহায় সহযোগিতা, পরামর্শ নিশ্চিত করতে হবে।

'নিপুন অসম' মিশনের অন্তর্গত ক্রিয়াকলাপ সমূহ ৩-৯ বছর বয়সের শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য। অর্থাৎ প্রাক-প্রাথমিক স্তর থেকে তৃতীয় শ্রেণিপর্যন্ত সকল বিদ্যালয়ে এই মিশনের কার্যকলাপ গুলি বাস্তবায়িত করা হবে। অবশ্য চতুর্থ এবং পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের শিক্ষক শিক্ষয়িত্রীরা একই ধরনে বুনিয়াদি সাক্ষরতা ও সংখ্যা জ্ঞানের ক্ষেত্রে শৈক্ষিক সমর্থন প্রদান করবেন। এই মিশনের সফল রূপায়ণের জন্য বিদ্যালয় এবং শিক্ষক শিক্ষয়িত্রীদের প্রধান করণীয় কাজগুলি হল-

(১) প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিশুদের জন্য শিক্ষাবর্ষের প্রথম তিনমাস (এপ্রিল, মে ও জুন) 'বিদ্যাপ্রবেশ' কার্যসূচি প্রতিটি বিদ্যালয়ে প্রয়োগ করা হবে।

(২) পাঠ্যপুস্তকের সঙ্গে বিদ্যালয়গুলিতে যোগানো শেখা-শেখানোর সরঞ্জামগুলি সঠিকভাবে প্রয়োগ করবেন।

(৩) প্রত্যেক ছাত্র-ছাত্রীদের শেখার স্তর সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার পাশাপাশি তদনুযায়ী উপযুক্ত পরিপূরক ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন করবেন।

(৪) শ্রেণিকক্ষে শেখার ফলাফলগুলি ভালোভাবে টাঙিয়ে রাখবেন।

(৫) সময় সাপেক্ষে শিক্ষক-শিক্ষয়িত্রীদের জন্য আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যসূচিতে অংশগ্রহণ করবেন। উদাহরণস্বরূপে- এন সি ই আর টি (NCERT), এস সি ই আর টি (SCERT) এবং সমগ্র শিক্ষা অসম (SSA) এর সহযোগিতায় আয়োজিত নিষ্ঠা প্রশিক্ষণে সকল শিক্ষক-শিক্ষয়িত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(৬) ১ম শ্রেণি থেকে ৩য় শ্রেণি পর্যন্ত প্রতিদিন ভাষার জন্য ৯০ মিনিট এবং গণিতের জন্য ৬০ মিনিট সময় দৈনিক পাঠদানের নির্দিষ্টভাবে ব্যবস্থা করার পাশাপাশি এর সঠিক ব্যবহার করবেন (শিক্ষক-শিক্ষয়িত্রীরা দিনপঞ্জিতে উল্লিখিত দৈনিক সময় তালিকার আদিতে এই সময়টুকু নিজের সুবিধা অনুযায়ী প্রস্তুত করবেন।)

(৭) শ্রেণিকক্ষের পাঠদানসমূহ শিক্ষক-শিক্ষয়িত্রীদের জন্য যোগানো নির্দেশাত্মক নমুনা (Instructional Design) এ প্রদত্ত ধরনে একান্তিকভাবে করবেন।

(৮) প্রত্যেক ছাত্র-ছাত্রীর মূল্যায়নের তথ্যগুলি সঠিকভাবে মজুত রাখতে হবে।

(৯) প্রয়োজনসাপেক্ষে শেখার ফলাফলসমূহ (Learning Outcome) নিশ্চিতকরণের জন্য অতিরিক্ত সহযোগিতা প্রদান করার ব্যবস্থা করবে।

(১০) শ্রেণিকক্ষগুলি মুদ্রণ সমৃদ্ধ হিসাবে গড়ে তুলতে হবে।

(১১) 'নিপুন অসম' মিশনকে সফলভাবে রূপায়ন করার জন্যে বিদ্যালয় পরিচালনা সমিতি, পিতৃ-মাতৃ, অভিভাবক, স্থানীয় ব্যক্তি, শিক্ষা বিভাগের সঙ্গে জড়িত সকল আধিকারিক, শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান ইত্যাদির সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলতে সচেষ্ট হবেন।

বিদ্যাপ্রবেশ

সকল ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ের জন্য প্রস্তুত করে তোলার উদ্দেশ্যে প্রথম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য একটি ত্রৈমাসিক ভিত্তিক 'বিদ্যালয় প্রস্তুতির মডিউল' তৈরি করা হয়েছে। এই মডিউলে কবিতা, ধ্বনি, শব্দ, রং, আকৃতি ও সংখ্যা সম্পর্কে বোঝানোর জন্য বিভিন্ন ক্রিয়াকলাপ ও কর্মপুস্তিকা সন্নিবিষ্ট করা হয়েছে। এই ক্রিয়াকলাপগুলি সম্পন্ন করতে গিয়ে সমবয়সী ছেলে-মেয়ে, পিতৃ-মাতৃর সহায়তার প্রয়োজন হবে।

রাষ্ট্রীয় শিক্ষানীতি, ২০২০ এর আধারে নতুন দিল্লিস্থিত রাষ্ট্রীয় শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পরিষদ (NCERT) কর্তৃক প্রস্তুত এই মডিউল রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (SCERT) অসম অসমিয়া ও অন্যান্য মোট সাতটি মাধ্যমে অনুবাদ/অভিযোজন করেছেন।

বিদ্যাপ্রবেশ ভারত সরকারের বিশেষ পদক্ষেপ NIPUN BHARAT (বুনিয়াদি সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞানের রাষ্ট্রীয় অভিযান) এর একটি গুরুত্বপূর্ণ অংশ। প্রাক-প্রাথমিক পর্যায়ে শিক্ষা লাভের সুযোগ লাভ করা বা না করা অবস্থায় প্রথম শ্রেণিতে প্রবেশ করেছে এমন সব শিশুদের সর্বাঙ্গীণ বিকাশ এবং শেখার প্রতি লক্ষ রেখে এই মডিউল প্রস্তুত করা হয়েছে। এক আনন্দমুখর পরিবেশে নির্ভয়ে শিশুদের বিদ্যালয়কেন্দ্রিক শিক্ষায় প্রবেশ করাতে এই মডিউলটি শিক্ষকদের জন্য নিশ্চিতভাবে সহায়ক হবে। বিদ্যালয় প্রস্তুতির এই কার্যসূচি প্রথম শ্রেণির তিনমাস দৈনন্দিন চারঘণ্টা করে প্রয়োগ করার জন্য সাজিয়ে-গুছিয়ে প্রস্তুত করা হয়েছে। খেলা-ধূলা ও কর্ম অভিজ্ঞতাভিত্তিক শিক্ষা পদ্ধতির উপর প্রাধান্য দেওয়ার পাশাপাশি বিভিন্ন বয়সোপযোগী ক্রিয়াকলাপ এবং স্থানীয় উপলব্ধ ক্রীড়া সামগ্রী ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

বহনক্ষম বিকাশের লক্ষ্য ৪.৭

২০৩০ সালের মধ্যে সমগ্র বিশ্বের দেশসমূহের উন্নয়নের জন্য রাষ্ট্রসংঘ ১৭ টি বিশেষ লক্ষ্য নির্ধারণ করেছে। এগুলিকে বহনক্ষম বিকাশের লক্ষ্য (Sustainable Development Goal) বলা হয়। এগুলির মধ্যে চতুর্থ লক্ষটি হল সকল শিশুদের জন্য গুণসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা। গুণসম্পন্ন শিক্ষার এই লক্ষ্যর মধ্যে আবার ৪.৭ সংখ্যক উপলক্ষ্যে বলা হয়েছে যে ২০৩০ সালের মধ্যে সকল ছাত্র-ছাত্রীদের বহনক্ষম বিকাশের লক্ষ্যে এগিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা আহরণ করতে হবে। এই উপলক্ষ্যের বিষয়বস্তু গুলিকে এই ক্ষেত্রে নিম্নলিখিত ছয়টি ভাগে ভাগ করা হয়েছে। পর্যায়ক্রমে এই বিষয়বস্তুকে অর্ন্তভুক্ত করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। উল্লিখিত বিষয়গুলি হল-

বহনক্ষম বিকাশ- বহনক্ষম বিকাশ, পরিবেশতন্ত্র, পরিবেশ শিক্ষা, পরিবেশের বহনক্ষমতা, জলবায়ু পরিবর্তন, পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস, আবর্জনা ব্যবস্থাপনা, অর্থনৈতিক বহনক্ষমতা, সামাজিক বহনক্ষমতা।

মানব অধিকার- অধিকার, গণতন্ত্র, স্বাধীনতা, সামাজিক ন্যায়, মানব অধিকারের শিক্ষা।

শান্তি ও অহিংসা- শান্তি, অত্যাচার, উৎপীড়ন, হিংসা, শান্তির শিক্ষা, নীতি ও মূল্যবোধ শিক্ষা।

বিশ্ব নাগরিকত্ব- বিশ্বায়ন, সাংস্কৃতিক বৈচিত্র্য/আত্মা সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিশ্বস্তর ও স্থানীয় চিন্তার সহযোগ, আন্তর্জাতিক স্তরের সমস্যা, ডিজিটেল নাগরিকত্ব, আন্তর্জাতিক স্তরের সমসাময়িক সংঘাত সম্পর্কীয় বিষয়সমূহ।

লিঙ্গ- লিঙ্গসমতা, লিঙ্গভেদ অতিক্রম করে সমউন্নয়ন লিঙ্গভেদের প্রতি সংবেদনশীলতা, লিঙ্গভেদের সমমর্যাদা, সবলীকরণ।

বৈচিত্র্য- সাংস্কৃতিক বৈচিত্র্য, জনগোষ্ঠী ভারতি, সামাজিক-অর্থনৈতিক কারক সমূহ, স্থানীয় জনগোষ্ঠী, ধর্ম এবং বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের সঙ্গে জড়িত বিষয়সমূহ।

রাষ্ট্রীয় শিক্ষা নীতি, ২০২০ প্রাক্-শৈশবকালীন শিশুর যত্ন ও শিক্ষার লক্ষ্য

(ক) গুণগত প্রাক্-শৈশবকালীন বিকাশ, যত্ন ও শিক্ষার সার্বিক সুযোগ প্রদান করা।

(খ) নিম্নোক্ত বিষয়গুলোতে সকল শিশুর শেখার প্রত্যাশিত ফলাফল অর্জন করা-

(১) শারীরিক ও পেশী সঞ্চালনের বিকাশ
(২) বৌদ্ধিক বিকাশ
(৩) সামাজিক, আবেগিক ও নৈতিক বিকাশ
(৪) সাংস্কৃতিক কলাত্মক বিকাশ
(৫) সাক্ষরতা ও সাংখিক ধারণা, প্রাথমিক ভাষা এবং যোগাযোগের বিকাশ

(গ) ভাষা, সংখ্যা, রঙের ধারণা, বিভিন্ন আকার-আকৃতি, বিভিন্ন খেলা, যুক্তিসম্মত বিচার, সমস্যা সমাধান, অংকন, পুতুল নাচ ইত্যাদির অতিরিক্ত সামাজিক ক্ষমতা, সু-আচরণ, পরিচ্ছন্নতা, সহযোগিতা প্রভৃতি বিষয়গুলোকে গুরুত্ব দেওয়া।

শিশুর শেখার মান নিরূপণ করার সময় নিম্নে দেওয়া প্রক্রিয়াগুলো অনুসরণ করা উচিত —

- প্রত্যেক শিশুর পোর্টফলিও প্রস্তুত করবে। প্রত্যেক শিশুর অগ্রগতির পর্যায় জানা এবং খতিয়ান সংগ্রহ করতে শিক্ষককে সাহায্য করবে।
- বিভিন্ন শেখার অভিজ্ঞতার সঙ্গে জড়িত শিশুকে পর্যবেক্ষণ করবেন।
- শেখানোর প্রক্রিয়াতে শিশুকে পর্যবেক্ষণ নিশ্চিত করবেন।
- শিশুরা ছোট ছোট দলে কার্যকলাপ করার সময় নিশ্চিত ভাবে প্রত্যেকটি দলের পর্যবেক্ষণ করবেন।
- পর্যবেক্ষণকে ভিত্তি করে কী ঘটছে সেই ঘটনার সত্য বিবরণী (anecdotes) লিখুন। পর্যবেক্ষণ করার সময় নিরপেক্ষ হতে হবে। ধারণা বা অনুমান যাতে পর্যবেক্ষণকে প্রভাবিত না করে সেটি নিশ্চিত করুন এবং আত্মগত মূল্যায়ন না করে বর্ণনা করবেন।
- প্রত্যেকজন শিশুর অগ্রগতির মান নিরূপণ করার সময় পূর্বের পর্যায়ে কেমন শিখেছে তার মান নিরূপণ করবেন। ব্যক্তি হিসাবে একজন শিশুকে অন্য একজনের সঙ্গে তুলনা করবেন না।
- তৃতীয় পর্যায়ের মান নিরূপণ সম্পূর্ণ করার পর প্রত্যেক শিশুর তথ্যসমূহ একত্রিত করে সংগ্রহ করে রাখবেন যাতে ভবিষ্যতে শিশুদের সহায়ক হয়। এবং শেখানোর অভিজ্ঞতার পরিকল্পনা করার সময় পিতৃ-মাতৃ বা অভিভাবকদের সঙ্গে আলোচনা করতে বা কার্যসূচির প্রয়োজনে পরিবর্তন করার সময় এটি যাতে সহায়ক হয় তার প্রতি লক্ষ রাখবেন।

বুনিয়াদী (Foundational Stage), প্রস্তুতিমূলক (Preparatory Stage) এবং মধ্যম (Middle Stage) স্তরের পাঠ্যক্রমে সন্নিবিষ্ট বিষয়সমূহ

(ক) বুনিয়াদী (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) ও প্রস্তুতিমূলক (তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি) পর্যায়-

বিষয়

- ভাষা ১ ■ মাতৃভাষা ও মাধ্যম ভাষা
- ভাষা ২ ■ ইংরাজি (ইংরাজি ছাড়া অন্যান্য মাধ্যমের বিদ্যালয়ের জন্য)
  ■ সহযোগী রাজ্য ভাষার যেকোনো একটি (ইংরাজি মাধ্যমের বিদ্যালয়ের জন্য)
- গণিত
- পরিবেশ অধ্যয়ন (প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে সমন্বিতভাবে ভাষা ও অন্যান্য বিষয়ের সঙ্গে সংলগ্ন থাকবে)
- স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা
- কলাশিক্ষা

(খ) মধ্যম (ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি) পর্যায়-

বিষয়

- গণিত • বিজ্ঞান • সমাজ বিজ্ঞান • স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা • কলাশিক্ষা • কর্মশিক্ষা
- Information and Communication Technology • ভাষা

ভাষার ক্ষেত্রে প্রযোজ্য নীতিসমূহ-

নমুনা (ক) (অসমিয়া মাধ্যমের জন্য)

ভাষা ১ - অসমিয়া
ভাষা ২ - ইংরাজি
ভাষা (৩+৪): ভাষা ৩ - হিন্দি (পঞ্চম, ১ম, ২য়, ৩য়) ৫০%
ভাষা ৪ - বোড়ো/বাংলা/গারো/ মণিপুরী/নেপালী/ তিওয়া/ তাই/ রাভা/দেউরী/ মিসিং/ বিষ্ণুপ্রিয়া মণিপুরী/সংস্কৃত এবং আরবী (৫০%)
অথবা
ভাষা ৩ - হিন্দি (পঞ্চম: ১ম, ২য়, ৩য়) ১০০%

নমুনা (খ) - (বাংলা মাধ্যমের জন্য)

ভাষা ১ - বাংলা
ভাষা ২ - ইংরাজি
ভাষা (৩+৪)- ভাষা ৩ - অসমিয়া (১ম, ২য়, ৩য়) ৫০%
ভাষা ৪ - বোড়ো/বাংলা/গারো/ মণিপুরী/নেপালী/ তিওয়া/ তাই/ রাভা/দেউরী/ মিসিং/ বিষ্ণুপ্রিয়া মণিপুরী/সংস্কৃত এবং আরবী (৫০%)
অথবা
ভাষা ৩ঃ অসমীয়া (১ম, ২য়, ৩য়) ১০০%

নমুনা (গ) ঃ (বোড়ো মাধ্যমের জন্য)

ভাষা ১ - বোড়ো
ভাষা ২ - ইংরাজি
ভাষা (৩+৪)- ভাষা ৩ঃ অসমিয়া (১ম, ২য়, ৩য়) ৫০%
ভাষা ৪ঃ বোড়ো/বাংলা/গারো/ মণিপুরী/নেপালী/ তিওয়া/ তাই/ রাভা/দেউরী/ মিসিং/ বিষ্ণুপ্রিয়া মণিপুরী/সংস্কৃত এবং আরবী (৫০%)
অথবা
ভাষা ৩ঃ অসমীয়া (সাহিত্য কবিতা: ১ম, ২য়, ৩য়) ১০০%

■ অসমিয়া, ইংরাজি এবং হিন্দি মাধ্যম ছাড়াও অন্যান্য মাধ্যমের বিদ্যালয়গুলিতেও একই ভাষা নীতি প্রযোজ্য হবে। ইংরাজি মাধ্যমের বিদ্যালয়গুলিতে ২য় ভাষা হিসেবে অসমিয়া প্রযোজ্য হবে।

■ অসমিয়া এবং ইংরাজি ভাষার বিদ্যালয়গুলিতে ৩য় ভাষা হিসেবে হিন্দি প্রযোজ্য হবে এবং হিন্দি মাধ্যমের বিদ্যালয়গুলিতে ৩য় ভাষা হিসেবে অসমিয়া বিবেচিত হবে। যে সকল ছাত্র-ছাত্রীরা ৪র্থ ভাষা নির্বাচন করে তাদের জন্যে ১ম (মাধ্যম ভাষা) অথবা ভাষা ২ এবং ভাষা ৩ এক হবে না। (উপরোক্ত ভাষা নীতি সরকারী অধিসূচনা নং PMA.329/2012/194 Dtd. 18/12/2019 অনুসরণ করে সন্নিবিষ্ট করা হয়েছে)

শিশুর গুণগত শিক্ষার প্রসারের জন্য অসম সরকারের শিক্ষা বিভাগের দ্বারা গ্রহণ করা পদক্ষেপসমূহ

গুণোৎসব-

বিদ্যালয় পর্যায়ের শিক্ষার গুণগত মান উন্নত করার জন্য ২০১৭ সাল থেকে রাজ্যে গুণোৎসব অনুষ্ঠিত হয়ে আসছে। গুণোৎসবে ছাত্র-ছাত্রীদের পাঠ্যক্রমিক বিষয়সমূহের শেখার ফলাফল অর্জন, তাদের সামগ্রিক উন্নয়ন, বিদ্যালয়সমূহের পরিকাঠামোর স্থিতি তথা সমাজের জড়িতকরণের দিকসমূহ মূল্যায়ন করা হয়। গুণোৎসবের অধীনে সকল সরকারী, প্রাদেশীকৃত প্রাথমিক আদর্শ বিদ্যালয়, আদর্শ বিদ্যালয়, কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়, নেতাজী সুভাষ চন্দ্র বসু আদর্শ বিদ্যালয় (আবাসিক বিদ্যালয়) ইত্যাদি সকল ধরনের বিদ্যালয়ের মূল্যায়ন করা হয়। উপরোক্ত দিকগুলোর মূল্যায়নের শেষে বিদ্যালয়গুলোকে (A+, A, B, C, D) গ্রেডে ভাগ করা হয় এবং এই ফলাফলের ওপর ভিত্তি করে কর্তৃপক্ষের পক্ষ থেকে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। ছাত্র-ছাত্রীদের গুণগত মানের শিক্ষা প্রদানের ক্ষেত্রে গুণোৎসবের গুরুত্ব উপলব্ধি করতে পেরে রাজ্য সরকার অধিসূচনার মাধ্যমে ১০ শতাংশ নম্বর গুণোৎসবের মূল্যায়ন থেকে যোগ করার জন্য এবং প্রতিবছর জানুয়ারি মাসে গুণোৎসবের সময়সূচী শৈক্ষিক দিনপঞ্জিতে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছে।

দীর্ঘকাল ধরে বিদ্যালয় পর্যায়ের শিক্ষাক্ষেত্রসমূহ যে সমস্ত অভাব-অভিযোগের সম্মুখীন হয়ে আসছে সেগুলো রাজ্য সরকার গুণোৎসবের মাধ্যমে ক্রমান্বয়ে নির্মূল করার প্রয়াস হাতে নিয়েছে।

গুণোৎসবের মূল উদ্দেশ্য:-

- মূল্যায়নের ভিত্তিতে প্রত্যেক শিশুর মান নিরূপণ করে শেখার ব্যবধান শনাক্ত করা।
- প্রাথমিক পর্যায়ে প্রত্যেক শিশু শেখার অগ্রগতি তথা শেখার সাফল্য সুনিশ্চিত করা।
- শেখন ফলাফল নিশ্চিত করা, বিদ্যালয় পরিকাঠামোর পর্যাপ্ততা ও সঠিক ব্যবহার এবং সমাজের অংশগ্রহণ এই মুখ্য বিষয়সমূহকে কেন্দ্র করে বিদ্যালয়ের সামগ্রিক প্রদর্শনের মান নিরূপণ করা।
- ফলপ্রসূ কৌশল অবলম্বন করে শেখার ব্যবধানসমূহ ক্রমান্বয়ে নির্মূল করা।
- শিক্ষক, ছাত্র-ছাত্রী, প্রশাসন এবং সমাজের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নত করা।

রাষ্ট্রীয় পারদর্শিতার জরিপ (National Achievement Survey)NAS:-

ন্যাশনাল এচিভমেন্ট সার্ভে বা NAS হচ্ছে রাষ্ট্রীয় পর্যায়ে অনুষ্ঠিত একটি বৃহৎ মূল্যায়ন। এই মূল্যায়নের মাধ্যমে তৃতীয়, পঞ্চম, অষ্টম ও দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের শৈক্ষিক পারদর্শিতার তথ্য সংগ্রহ করা হয়। ভারতের রাজ্যসমূহের সরকারী, সরকারী সাহায্যপ্রাপ্ত, ব্যক্তিগত খণ্ডের বিদ্যালয় এবং কেন্দ্র সরকারের বিদ্যালয়সমূহ NAS এর অধীনে আসে।

NAS-2021 এ দক্ষতা ভিত্তিক (Competency based) মূল্যায়নের ওপর গুরুত্ব দেওয়া হয়েছিল। তৃতীয় ও পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ক্রমে ভাষা, গণিত ও পরিবেশ অধ্যয়নের বিষয়, অষ্টম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ভাষা, গণিত, বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের বিষয় এবং দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ভাষা, গণিত, বিজ্ঞান, সমাজ বিজ্ঞান ও ইংরাজি বিষয়গুলোর ওপর মূল্যায়নের আয়োজন করা হয়েছিল।

রাজ্যিক শৈক্ষিক কৃতিত্ব জরিপ ২০২৩ঃ SEAS:-

রাষ্ট্রীয় শিক্ষানীতি, ২০২০-র সঙ্গে সঙ্গতি রেখে ২০২৩ সালের জানুয়ারি মাসে NCERT -র স্থাপন করা নিয়ামক সংস্থা 'পরখ' (PARAKH) এর দ্বারা 2023 সালের, নভেম্বর তারিখে SEAS 2023 এর উদ্যাপন করা হয়।

উদ্দেশ্য -

প্রতিটি শৈক্ষিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের শেখার ফলাফল আহরণের মূল্যায়ন যেমন- বুনিয়াদি, প্রস্তুতি ও মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের পাঠ্য বিষয় বিশেষভাবে ভাষা ও গণিত বিষয়ের মূল্যায়ন।

বিদ্যালয় অংশীদারিত্ব কার্যসূচি (School Twinning Programme):-

এই কার্যসূচির অধীনে দুটি বিদ্যালয় যৌথভাবে কিছু কাজ সম্পাদন করে। যার ফলে একটি বিদ্যালয়ে সম্পাদিত কিছু ভালো কাজের নমুনা অন্য একটি বিদ্যালয় গ্রহণ করার এবং নিজ বিদ্যালয়েও সেই ধরনের কাজ সম্পাদন করার সুবিধা লাভ করে এবং বিদ্যালয়ের শ্রেণিকক্ষের ভিতরে এবং বাইরে শেখার জন্য গৃহীত পদক্ষেপ সমূহের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষয়িত্রী ও ছাত্র-ছাত্রীরা ভাব বিনিময় করতে পারে।

সাধারণত পাশাপাশি এলাকায় অবস্থিত দুটি সরকারি অথবা সরকারী এবং ব্যক্তিগত খণ্ডের বিদ্যালয়ের মধ্যে বিদ্যালয় অংশীদারিত্ব কার্যসূচি রূপায়ন করা হয়েছে। এই কার্যসূচির অধীনে করণীয়গুলি নিম্নরূপ:-

- ব্যক্তিগত খণ্ডের বিদ্যালয় এবং সরকারি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষয়িত্রীদের মধ্যে পারস্পরিক যুক্তভাবে বিদ্যালয় ভ্রমণের আয়োজন করা।
- যৌথভাবে শৈক্ষিক বিষয়ের উপর কর্মশালা অথবা আলোচনা চক্রের আয়োজন করা।
- দুটি অংশীদারী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।
- দুটি বিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষয়িত্রী বিনিময় করা।
- যৌথভাবে বিভিন্ন দিবস উদ্যাপন করা।
- যৌথভাবে কুইজ, আকস্মিক বক্তৃতা ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা।
- দুটি বিদ্যালয়ের মধ্যে নিজ নিজ বিদ্যালয়ে অনুষ্ঠিত উত্তম অনুশীলন শংকলন আন্তুষ্ঠানিকতাসমূহের আদান প্রদান।
- পরিবেশ, তৈল তৈরির, জলবায়ু, স্বাস্থ্য, পরিষ্কার-পরিচ্ছন্নতার উপর সজাগতামূলক অনুষ্ঠানের পাশাপাশি যৌথভাবে বক্তৃতা কার্যসূচির আয়োজন করা।
- ফলপ্রসূ শেখনের জন্য একটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষয়িত্রী কর্তৃক গৃহীত উদ্ভাবনমূলক পদক্ষেপসমূহ অন্য বিদ্যালয়ে গিয়ে উপস্থাপন করা।
- যৌথভাবে স্থানীয় কলা, শিল্প, সংগীত ইত্যাদির প্রদর্শন করা।
- জীবিকা সংক্রান্ত সুবিধাসমূহকে সম্প্রসারণ করা।
- জীবন সম্বন্ধীয় দক্ষতার অন্তর্ভুক্তিকরণ।

■ ক শ্রেণি থেকে প্রাথমিক পর্যায়ের বিদ্যালয় গুলিতে ২০২৪ সালের ১ এপ্রিল থেকে নিয়মিত শ্রেণি দিন আরম্ভ হবে।

অন্তর্ভুক্তিকরণ শিক্ষা

অন্তর্ভুক্তিকরণ শিক্ষা হচ্ছে বিদ্যালয়ের সকল কার্যসূচীতে সমস্ত ছাত্র-ছাত্রীর সমান অংশীদারীত্ব। প্রত্যেক বিদ্যালয়েই নিম্নোক্ত ধরণের কিছু বিশেষ শিশু দেখা যায়—

- ☐ বিশেষভাবে সক্ষম শিশু
- ☐ বিভিন্ন ভাষা-ভাষী তথা জাতি/জনজাতি, ধর্ম/বর্ণ নির্বিশেষে শিশু
- ☐ প্রখর মেধাসম্পন্ন শিশুর পাশাপাশি কম মেধাসম্পন্ন শিশু
- ☐ লিংগ বৈষম্যতার ভিন্নতা সম্পন্ন শিশু

অন্তর্ভুক্তিকরণ শিক্ষা ব্যবস্থায় শিক্ষকগণ ভিন্নতা সম্পন্ন শিশুদের প্রয়োজন সাপেক্ষে শ্রেণিকক্ষটির সামগ্রিক পরিবেশের রূপ বদল করতে পারে।

শ্রেণিকক্ষের সামগ্রিক পরিবেশে সন্নিবিষ্ট কারকসমূহ-

- ☐ পাঠ্যক্রম
- ☐ পাঠ্যপুস্তক
- ☐ শেখা-শেখানো সামগ্রী
- ☐ শেখা-শেখানোর কৌশল বা পদ্ধতি
- ☐ শ্রেণিকক্ষের পরিবেশ
- ☐ মান নিরূপণ ব্যবস্থা
- ☐ শিক্ষকের ইতিবাচক মনোভাব ইত্যাদি।

অবিরত ও সামগ্রিক মূল্যায়ণ

ছাত্র-ছাত্রীর সামগ্রিক বিকাশ সঠিকভাবে নিরূপন করার ক্ষেত্রে অবিরত ও সামগ্রিক মূল্যায়ন একটি ব্যাপক ও উন্নত ব্যবস্থা। পূর্বের সময়সাপেক্ষ মূল্যায়ন ব্যবস্থার (পাঠ্যপুস্তক সম্বলিত) পরিবর্তে এই ব্যবস্থা ছাত্র-ছাত্রীর বৌদ্ধিক, সামাজিক, আবেগিক, শারীরিক ও সৃষ্টিমূলক কার্যে গুরুত্ব প্রদান করে।

অবিরত মূল্যায়নের অর্থ হচ্ছে বিরতিহীন মূল্যায়ণ। যার দ্বারা ছাত্র-ছাত্রীর শেখার পর্যায় নিরূপন করে শেখার ব্যবধানের (learning gap) কারকগুলো অনুধাবন, বিশ্লেষণ, নথিকরণ ও প্রয়োজন অনুপাতে প্রতিকারের উপায় নির্দ্ধারণ করা হয়। এই মূল্যায়ণ ব্যবস্থাকে সফল রূপ দেবার জন্য ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবক প্রত্যেকেই নিজের কর্তব্যের প্রতি সজাগ ও উদ্দেশ্য সফল করার প্রতি সচেষ্ট থাকে।

শিক্ষকগণ যা যা অনুধাবন করবে (শিক্ষকের প্রতিফলন)

- ☐ ছাত্র-ছাত্রীর সম্পূর্ণভাবে কার্যকলাপে জড়িত হয়েছে কী ?
- ☐ তারা সঠিকভাবে শিখতে পারছে কি না ?
- ☐ তাদের কিছুর প্রয়োজন আছে কী ?
- ☐ শ্রেণিকক্ষে প্রত্যেকটি শিক্ষার্থী সঠিকভাবে পাঠ গ্রহণ করতে পারছে তো ? তাদের অধিক মনযোগ আকর্ষণের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ?

রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০ (NEP 2020) কয়েকটি উল্লেখযোগ্য পরামর্শ

(১) ৫+৩+৩+৪ পরিকাঠামো অনুযায়ী বিদ্যালয়ের পাঠ্যক্রমিক স্তর-

(ক) প্রাথমিক স্তর (Foundational) ৫ বছর: ৩ বছর (অঙ্গনবাড়ী/প্রাক-বিদ্যালয়/বাল বাটিকা (৩-৬ বছর) ও ২ বছর (প্রথম ও দ্বিতীয় শ্রেণি (৬-৮ বছর)

(খ) প্রস্তুতিমূলক স্তর(Preparatory) ৩ বছর (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি (৮-১১ বছর)

(গ) মাধ্যমিক স্তর ৩ বছর (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণি (১১-১৪ বছর)

(ঘ) উচ্চ মাধ্যমিক স্তর ৪ বছরের (নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণি (১৪-১৮ বছর)

(২) ২০৩০ সালের মধ্যে গুণসম্পন্ন প্রাক্ শৈশব, বিকাশ, যত্ন ও শিক্ষার সার্বজনীন ব্যবস্থা করা, যাতে প্রথম শ্রেণিতে ভর্তি হয়েছে এমন সব শিশুরাই বিদ্যালয়ভিত্তিক শিক্ষার জন্য প্রস্তুত হয়।

(৩) ভারত সরকারের শিক্ষা মন্ত্রালয় প্রাথমিক সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞানের উপর প্রাধান্য দিয়ে একটি রাষ্ট্রীয় মিশন গড়ে তুলবে এবং ২০২৫ সালের মধ্যে তৃতীয় শ্রেণি পর্যন্ত প্রত্যেক ছাত্র-ছাত্রীরা বুনিয়াদী সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান আয়ত্ব করার দক্ষতা অর্জন করবে।

(৪) শিক্ষার লক্ষ্য কেবল বৌদ্ধিক বিকাশে সীমাবদ্ধ না হয়ে ছাত্র-ছাত্রীদের চরিত্রগঠন এবং একবিংশ শতাব্দীর কৌশল সমূহের দ্বারা তাদের সমৃদ্ধ করে তোলায় গুরুত্ব আরোপ করা উচিত।

(৫) অধ্যয়নের সময় বিষয় নির্বাচনের ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের পছন্দ এবং আগ্রহের প্রতি লক্ষ রাখতে হবে এবং নিয়মিত পাঠ্যক্রম, বহির্ভূত পাঠ্যক্রম বা সহ-পাঠ্যক্রম, কলা, বিজ্ঞান, বৃত্তিমূলক তথা অন্যান্য শৈক্ষিক শাখার মধ্যে কোনো ধরনের কঠোর বিভাজন থাকবে না।

(৬) একটি মাধ্যমিক বিদ্যালয় এবং তার ৫-১০ কিমি ব্যাসার্ধের মধ্যে অঙ্গনবাড়ী কেন্দ্রকে অন্তর্ভুক্ত করে সকল নিম্ন পর্যায়ের বিদ্যালয়কে নিয়ে 'বিদ্যালয় গোষ্ঠী' নামক একটি পরিকাঠামো গড়ে তোলা হবে। ১৯৬৪-৬৫ সালে শিক্ষা আয়োগ এই পরামর্শ প্রদান করলেও এই পর্যন্ত তা যথাযথভাবে রূপায়িত করা যায় নি। এই শিক্ষানীতিতে 'বিদ্যালয় গোষ্ঠী'র ধারনা যথাসম্ভব রূপায়নে গুরুত্ব আরোপ করেছে।

(৭) নিজের বৃত্তিগত প্রয়োজনে প্রত্যেক শিক্ষক-শিক্ষয়িত্রীদের বছরে অন্ততপক্ষে ৫০ ঘন্টা অবিরত বৃত্তিগত বিকাশের কার্যসূচিতে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ হিসাবে বিবেচিত হবে।

(৮) দেশের প্রত্যেকটি শিশু 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' কার্যসূচির অধীনে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির মধ্যে 'ভারতের ভাষা' নামক আনন্দদায়ক প্রকল্প/ ক্রিয়াকলাপে অংশগ্রহণ করবে।

(৯) বিদ্যালয়ে ভর্তি হওয়া কিশোর এবং শিশু বিশেষত কন্যা শিশুদের সুরক্ষা এবং অধিকারের ক্ষেত্রে বিশেষভাবে মনোযোগ দিতে হবে। কৈশোরকালের বিভিন্ন সমস্যা যেমন-ড্রগশক্তি, বৈষম্য, শারীরিক ও মানসিক নির্যাতন, হিংসার বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ এর পাশাপাশি তাদের অধিকার বা সুরক্ষার জন্য একটি স্বচ্ছ, দক্ষ এবং নিরাপদ পরিবেশের সূচনা করতে হবে।

শিশুর শেখা নিশ্চিত করনের জন্য অসম সরকার কর্তৃক গৃহীত ডিজিটাল পদক্ষেপ

☐ **সবলীকৃত পাঠ্যপুস্তক** (Energized Textbook)

পাঠ্যপুস্তক গুলিতে QR কোড সন্নিবিষ্ট করার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষক-শিক্ষয়িত্রী এবং ছাত্র-ছাত্রীরা নিজের স্মার্ট ফোনের সাহায্যে এই QR কোড Scan করে ডিজিটাল উপকরণগুলি ইন্টারনেটে দেখার সুবিধা লাভ করবেন।

- এই পর্যন্ত অসমের ১৫২ টি নির্বাচিত পাঠ্যপুস্তকে QR কোড সন্নিবিষ্ট করে তার সঙ্গে দীক্ষায় অন্তর্ভুক্ত ই-উপকরণগুলি সংযুক্ত করা হয়েছে

☐ **দীক্ষা**(Digital Infrastructure for Knowledge Sharing)

পি.এম.ই.(PMe-Vidya.) বিদ্যা নামক ডিজিটাল কার্যসূচির অধীনে রাজ্য সরকার 'দীক্ষা অসম' নামক পোর্টেল চালাচ্ছেন। সমগ্র অসমের শিক্ষক ও শিক্ষক প্রশিক্ষক গণ কর্তৃক প্রস্তুত প্রায় সহস্রাধিক ই-উপকরণ এই পোর্টেলে আপলোড করা হয়েছে। 'স্বয়মপ্রভা' (Swayamprabha) চ্যানেলযোগে প্রচারিত ভিডিয়ো এবং আকাশবাণীযোগে প্রচারিত অডিয়ো ক্লাসসমূহ 'দীক্ষা অসম' পোর্টেলের আপলোড করা হয়েছে। শিক্ষক-শিক্ষয়িত্রী এবং শিক্ষক প্রশিক্ষকদের সামর্থ বিকাশ (Capacity Building) এর জন্য অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে যাতে ই-উপকরণসমূহ সঠিকভাবে প্রস্তুত করতে পারেন।

- শিক্ষক এবং, ছাত্র-ছাত্রী এবং অভিভাবকরা মোবাইল ফোনে DIKSHA APP ডাউনলোড করে ফোনের Scanner এর সাহায্যে QR কোডগুলি Scan করে পাঠ্যপুস্তকে সন্নিবিষ্ট e-Content দেখতে পারবেন।

☐ **স্বয়মপ্রভা** (Swayamprabha)

ভারত সরকারের পি.এম.ই. (PMe-Vidya.) বিদ্যা 'এক শ্রেণি, এক চ্যানেল' কার্যসূচির আধারে অসম সরকার ২০২০ সালের ২৪ মে থেকে স্বয়মপ্রভা ই.টি.ভি. র সহযোগে অসমিয়া মাধ্যমে প্রাথমিক থেকে উচ্চ প্রাথমিক পর্যায় পর্যন্ত ভিডিয়ো পাঠদানের ব্যবস্থা করেছেন।

☐ **জ্ঞানবৃক্ষ**-

- ACC এবং GTPL নামক দুটি কেবল চ্যানেলের মাধ্যমে প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য অভিজ্ঞ শিক্ষক- শিক্ষয়িত্রীদের দ্বারা লাইভ পাঠদান সম্প্রচারের ব্যবস্থা করা।
- এই পাঠসমূহ জিও টিভির মাধ্যমেও সম্প্রচার করা হয়েছে।

☐ **বিশ্ববিদ্যা, অসম ইউটিউব চ্যানেল**-

ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য এই ইউটিউব চ্যানেল আরম্ভ করা হয়েছে। এখানে বিজ্ঞান, গণিত, ইংরাজি, ব্যাকরণ, শব্দ ভাণ্ডার ইত্যাদি ই-উপকরণ রাখা হয়েছে। ছাত্র-ছাত্রীরা সহজে এগুলি দেখতে এবং ডাউনলোড করতে পারবে। তাছাড়াও সমান্তরালে রেডিও এবং দূরদর্শন সহযোগের দৃশ্য-শ্রাব্য পাঠ সম্প্রচারের ব্যবস্থা করা হয়েছে।

বিদ্যালয়ে যুথ এবং ইকোক্লাব (যুথ এবং পরিপার্শ্বিক সংঘ) এর অধীনে করনীয় কার্যসমূহ-

যুথ ক্লাবের ক্রিয়াকলাপ -স্কুল চলাকালীন খেলা-ধূলার আয়োজন, গ্রন্থাগারের পাঠদানের ব্যবস্থা, নৃত্য, গীত, নাটক, মূকাভিনয়ের ব্যবস্থা, কবিতা আবৃত্তি, আকস্মিক বক্তৃতা, চিত্রকলা অংকনের ব্যবস্থা, কোলাজ, তর্ক প্রতিযোগিতা কুইজ, হস্তশিল্প (মাটি, কাগজ, বাঁশ প্লাস্টিক আদি সামগ্রীর দ্বারা) বর্জ্য পদার্থ/অকেজো জিনিস দিয়ে নির্মিত, বিজ্ঞান প্রদর্শনী /গণিত প্রদর্শনী, শ্লোগান লেখা /পোস্টার লেখা /বাণী লেখা, ব্যায়াম, যোগাসন, কারিগরী কৌশলের ওপরে কর্মশালার আয়োজন, শ্রেনিকক্ষের রূপসজ্জা গড়ে তোলা।

ইকোক্লাবের ক্রিয়াকলাপ - ফুল-ফল, শাক-সব্জির বাগান তৈরি করার ক্ষেত্রে সহযোগিতা করা, পরিবেশ রক্ষার সজাগতা অনুষ্ঠান, পারিপার্শ্বিকতা রক্ষার জন্য প্রকল্প, স্বাস্থ্য সজাগতা সভা /ক্যাম্প, জলশক্তি সংরক্ষণ, স্বাস্থ্য সজাগতা এবং প্রকল্পর অধীনে নমুনা প্রস্তুত, জলবায়ু সুরক্ষা, দুর্যোগ সজাগতা এবং ব্যবস্থাপনা, বিদ্যালয়ে পুষ্টিকর আহারের ব্যবস্থা, স্বচ্ছ অভিযানের সাহায্যে সমাজ সেবা, সময় সাপেক্ষে সার্বজনীন সভার আয়োজন করা।

পাঠদান প্রক্রিয়াতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহার

রাষ্ট্রীয় শিক্ষানীতি, ২০২০ অনুসারে শিক্ষা হচ্ছে জ্ঞান ও তথ্যের সমন্বয়। পরবর্তী প্রজন্মে এই শিক্ষার আদান-প্রদানের ক্ষেত্রে প্রযুক্তি বা ICT একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যেহেতু বিদ্যালয় শিক্ষায় ICT র সম্ভাবনা বৃদ্ধি পেয়েছে, তাই ২০২৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকরী করার জন্য ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির ক্ষেত্রে ICT বিষয়ে পাঠ্যপুস্তক তৈরি করে প্রকাশ করা হয়েছে। শিক্ষক নিজের এনড্রয়েড মোবাইল ফোনের সঙ্গে বিদ্যালয়ের অন্যান্য ICT উপকরণসমূহের মাধ্যমে বিষয়সমূহের পাঠদান মনোগ্রাহী করবেন। প্রয়োজনসাপেক্ষে এধরনের উপকরণ অন্য জায়গা থেকে এনেও ব্যবহার করা যেতে পারে।

যে বিদ্যালয় গুলোতে সরকারের পক্ষ থেকে স্মার্টক্লাসের জন্য স্মার্টবোর্ড, প্রজেক্টর ইত্যাদি যোগান ধরা হয়েছে সেই বিদ্যালয় গুলোতে প্রত্যেকটি শ্রেণির ছাত্র-ছাত্রীরা যাতে সুযোগ পায় সেইভাবে সপ্তাহে একদিন/দুদিন শিক্ষকরা নিজ নিজ বিষয়ের ওপরে পাঠদান করতে পারেন।

সংহত শিক্ষণ (Integrated Pedagogy)

শিক্ষাকে অভিজ্ঞতাভিত্তিক, নমনীয়, উপভোগ্য ও শিক্ষার্থীকেন্দ্রিক করে তোলার জন্য রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০ বিদ্যালয় শিক্ষার বিভিন্ন বিষয়ের সঙ্গে খেলা-ধূলা, পুতুল প্রদর্শন এবং কলা সংক্রান্ত বিষয়সমূহকে সন্নিবিষ্ট করে সংহত শিক্ষণ প্রণালীর উদ্ভাবন করে ছাত্র-ছাত্রীদের সর্বাঙ্গীন বিকাশের ওপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে।

কলা সংহত শিক্ষণ (Art Integrated Pedagogy)

এটি একটি বিধিগত পদ্ধতি যা বিদ্যালয়ের পাঠ্যক্রমের বিভিন্ন শৈক্ষিক বিষয়ের মধ্যে পাঠদান ও শিক্ষণ প্রক্রিয়াতে বিভিন্ন ধরণের শিল্প, যেমন— দৃশ্যকলা (Visual Arts), সঙ্গীত, নাটক ও নৃত্যকে অন্তর্ভুক্ত করে। নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক পর্যায়ে এই পদ্ধতি বিশেষভাবে উল্লেখযোগ্য, কারণ এর মূল লক্ষ হচ্ছে ছাত্র-ছাত্রীদের সক্রিয় নিয়োজিতকরণ, সৃষ্টিশীলতা, সমালোচনাত্মক চিন্তাধারা এবং সামগ্রিক বিকাশে কলাকে উপকরণ হিসেবে ব্যবহার করে ছাত্র-ছাত্রীদের শেখার অভিজ্ঞতাকে সমৃদ্ধ করা।

ক্রীড়া-সংহত শিক্ষণ (Sports Integrated Pedagogy)

এর অর্থ খেলার মাধ্যমে বিভিন্ন বিষয়ে পাঠদান করা। ক্রীড়া সংহত শিক্ষণের ধারণাটি NEP 2020 নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করা হয়েছে এবং এই নীতি অনুযায়ী বিদ্যালয় শিক্ষার বুনিয়াদি পর্যায় থেকে মাধ্যমিক পর্যায় পর্যন্ত শারীরিক শিক্ষা ও ক্রীড়াকে বাধ্যতামূলক করা হবে বলে উল্লেখ করা হয়েছে। এই শিক্ষণের মূল উদ্দেশ্য হচ্ছে ছাত্র-ছাত্রীদের মধ্যে সুস্বাস্থ্যকে জীবনে অগ্রাধিকার দেবার মনোভাব গড়ে তোলা।

শিক্ষকের জন্য -

- শিক্ষকদের ক্রীড়া সংক্রান্ত বিষয়বস্তুর সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে যা পাঠদানের সময় প্রয়োগ করা হবে।
- শিক্ষকেরা ছাত্র-ছাত্রীদের ক্রীড়ার প্রতি আগ্রহী করে তোলার চেষ্টা করবেন।
- ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক অভিজ্ঞতা প্রদানের জন্য শ্রেণিকক্ষের বাইরে পাঠদান পরিচালনার ব্যবস্থা করতে হবে।
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া শ্রেণিতে পাঠ্যক্রমের বিষয়ের শেখার ফলাফলের দক্ষতার সাথে সামঞ্জস্য রেখে শিক্ষক কোনো খেলা/ক্রীড়া শেখাবেন/করাবেন।

অমৃত বৃক্ষ আন্দোলন

২০২৩ সালের ৮ জুন তারিখে অসমের মুখ্যমন্ত্রী মাননীয় শ্রীযুক্ত হিমন্ত বিশ্ব শর্মা মহাশয়ের নির্দেশে অসম সরকার অমৃত বৃক্ষ নামের একটি প্রকল্প আরম্ভ করে। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যটির মধ্যে একটি সবুজ এবং পারিপার্শ্বিকভাবে বহনক্ষম পরিবেশ গড়ে তোলার একটি প্রয়াস হাতে নেওয়া হয়েছিল। এই প্রচেষ্টার মুখ্য উদ্দেশ্য ছিল এককোটি গাছের চারা রোপন করে অসমের প্রাকৃতিক পরিবেশকে সমৃদ্ধশালী করে তোলা এবং শক্তিশালী বৃক্ষকেন্দ্রিক অর্থনীতি গড়ে তোলা।

এই আন্দোলনে বিভিন্ন ধরণের অংশগ্রহণকারীরা যোগদান করেছিল। তার মধ্যে শিক্ষানুষ্ঠান ও অংগনওয়াড়ি কর্মীরাও অংশগ্রহণ করেছিলেন। সেজন্য অসমের বিদ্যালয়সমূহকে অমৃত বৃক্ষ আন্দোলনের মোবাইল এ্যাপে নিজেদের পঞ্জীয়ন করে জিও ট্যাগের সহায়তায় গাছের চারা রোপন করে স্থিরচিত্র *(still image)* আপলোড করতে দেওয়া হয়েছিল।

জীবন কৌশল শিক্ষা(Life Skill Education)

জীবন কৌশল শিক্ষা কার্যসূচী উচ্চ প্রাথমিক (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত), মাধ্যমিক (নবম ও দশম শ্রেণি) এবং উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ শ্রেণি) পর্যায়সমূহে সমগ্র অসমে চলতি সাল থেকে কন্যা শিশুর নামভর্তি থাকা প্রাদেশিক বিদ্যালয়সমূহে সরকারীভাবে অনুষ্ঠিত হয়। এই সন্দর্ভে ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিদ্যালয়সমূহে সপ্তাহে একবার ক্রীড়াভিত্তিক কার্যসূচীর মাধ্যমে জীবন কৌশল শিক্ষার কর্মশালা আয়োজন করার জন্য প্রত্যেক জেলার বিদ্যালয়সমূহে নির্দেশনা দেওয়া হয়েছে। এই কার্যসূচীর উদ্দেশ্যে হচ্ছে ছাত্র-ছাত্রীদের নিত্য-পরিবর্তিত পৃথিবীতে খাপ খাইয়ে জীবনে সুন্দরভাবে চলার জন্য তাদের দক্ষতার বিকাশ করা। জীবন কৌশল সঠিক যোগাযোগের মাধ্যমে জ্ঞাত সিদ্ধান্ত নেবার জন্য তথা আবেগ পরিচালনা করে সমস্যা সমাধান করার জন্য এবং অন্যের সঙ্গে ইতিবাচক সম্পর্ক স্থাপনের জন্য ছাত্র-ছাত্রীদের শক্তিশালী করে তোলে।

বিদ্যাঞ্জলি ঃ ২.০

বিদ্যাঞ্জলি- ২.০ হল ভারত সরকারের শিক্ষা মন্ত্রালয় কর্তৃক সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়সমূহের সঙ্গে সমাজ এবং ব্যক্তিগত খণ্ডের অনুষ্ঠান-প্রতিষ্ঠানগুলোকে প্রত্যক্ষভাবে জড়িত করার উদ্দেশ্যে গ্রহণ করা এক পদক্ষেপ। সরকারি বিদ্যালয়গুলিকে সমাজ এবং ব্যক্তিগত অনুষ্ঠান-প্রতিষ্ঠানের সহায়-সহযোগ/ অনুদানের দ্বারা সবল করার উদ্দেশ্যে সরকার এই প্রকল্প চালু করে। অর্থাৎ এই প্রকল্প সরকারি বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার ক্ষেত্রে উৎসাহ প্রদানের জন্য সকলকে এক মঞ্চ প্রদান করার ব্যবস্থা করেছে। এই প্রকল্পের সফল রূপায়ণের জন্য সরকার বিদ্যাঞ্জলি২.০ নামের একটি পোর্টাল প্রস্তুত করেছেন।

এই পোর্টালটির মাধ্যমে বিদ্যালয়গুলি নিজের নাম নিবন্ধন করার পাশাপাশি তাদের প্রয়োজনীয় বিভিন্ন সামগ্রী, সরঞ্জাম, পরিষেবা ইত্যাদির তথ্যসমূহ তুলে ধরতে পারে, অন্যদিকে বেসরকারি সংস্থা, ব্যক্তিগত খণ্ডের অনুষ্ঠান, ব্যক্তি ইত্যাদি পোর্টালটিতে নিজেকে স্বেচ্ছাসেবী হিসেবে নিবন্ধন করে নিজের ইচ্ছানুযায়ী যেকোন বিদ্যালয়কে বিভিন্ন সামগ্রী/ সরঞ্জাম/ অন্যান্য পরিষেবা অনুদান হিসাবে প্রদান করতে পারে।

বিদ্যালয় তত্ত্বাবধান কার্যক্রম (School Mentoring Programme)

রাষ্ট্রীয় আবিষ্কার অভিযানের মাধ্যমে বিজ্ঞান এবং গণিতের উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানের দ্বারা বিদ্যালয় সমূহের তত্ত্বাবধান (mentoring)এর কার্যসূচি গ্রহণ করা হয়েছে। এই কার্যসূচির অধীনে প্রত্যেক জেলার ১০০ টি উচ্চ প্রাথমিক এবং সংযুক্ত বিদ্যালয়কে রাজ্যের বিজ্ঞান এবং প্রযুক্তিবিদ্যার এক একটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান যেমন, বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, আই-আই-টি গুয়াহাটি, এন আই টি শিলচর, শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আই এ এস টি (IAST) ইত্যাদির সঙ্গে সংযুক্ত করা হয়েছে। উচ্চ শিক্ষার এই প্রতিষ্ঠানগুলি তাদের অধীনস্থ বিদ্যালয়গুলিতে গণিত ও বিজ্ঞান শিক্ষার বিকাশের জন্য ছাত্র-ছাত্রীদের এই দুটি বিষয়ের প্রতি আগ্রহী করে তোলার চেষ্টা করবে। তাছাড়া এই প্রতিষ্ঠানসমূহ বিজ্ঞান এবং গণিতের শিক্ষকের গোট গঠন করে বিদ্যালয়গুলিতে শেখা-শেখানোর প্রক্রিয়া ফলপ্রসূ করে তোলার চেষ্টা করবে।

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

এপ্রিল ২০২৪

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবি
১ শ্রেণি দিন	২ শ্রেণি দিন	৩ শ্রেণি দিন	৪ শ্রেণি দিন	৫ শ্রেণি দিন	৬ শ্রেণি দিন	৭ বন্ধের দিন ও উদযাপন দিন (বিশ্ব স্বাস্থ্য দিবস গুড ফ্রাইডে)
৮ শ্রেণি দিন	৯ শ্রেণি দিন	১০ শ্রেণি দিন	১১ বন্ধের দিন (ঈদ-উল-ফিতর)	১২ শ্রেণি দিন	১৩ বন্ধের দিন (বহাগ বিহু)	১৪ বন্ধের দিন (বহাগ বিহু)
১৫ বন্ধের দিন (বহাগ বিহু)	১৬ শ্রেণি দিন	১৭ শ্রেণি দিন	১৮ শ্রেণি দিন	১৯ শ্রেণি দিন	২০ বন্ধের দিন (সত্রী সংঘী দিবস)	২১ বন্ধের দিন
২২ শ্রেণি দিন উদযাপন দিন (ধরিত্রী দিবস)	২৩ শ্রেণি দিন	২৪ শ্রেণি দিন	২৫ শ্রেণি দিন উদযাপন দিন (বিশ্ব ম্যালেরিয়া দিবস)	২৬ শ্রেণি দিন	২৭ শ্রেণি দিন	২৮ বন্ধের দিন
২৯ শ্রেণি দিন	৩০ শ্রেণি দিন					

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি

ক শ্রেণি	বিষয়	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম
অভিরোচনমূলক কার্যকলাপ	বাংলা (ভাষা-১)	বিদ্যাপ্রবেশ	ককার (দ্বিতীয় ভাগ) অধ্যায়ঃ ১ খাদ্য	আমাদের গ্রাম (পাঠ-১)	❑ সকল দেশের সেরা (পাঠ-১) ❑ একটি মিশমি রূপকথা (পাঠ-২)	❑ ও আমার দেশের মাটি (পাঠ-১) ❑ পাখি আর মানুষ (পাঠ-২)
	গণিত	বিদ্যাপ্রবেশ	প্রথম শ্রেণির পুনরালোচনা	আকৃতি এবং নক্সা (পাঠ-১)	❑ পূর্বের শ্রেণির পাঠের পুনর আলোচনা ❑ আকৃতি এবং নক্সা (পাঠ-১)	❑ পূর্বের শ্রেণির পাঠের পুনর আলোচনা ❑ সংখ্যা ও প্রক্রিয়া (পাঠ-১)
	ইংরাজি (ভাষা-২)	Our Beautiful World (Lesson-1)	Village Life (Lesson-1)	Ten Little Fingers (Lesson-1)	Oh, Look at the Moon (Lesson-1)	All Things Bright and Beautiful (Lesson-1)
	পরিবেশ অধ্যয়ন	———	———	চলো, বাগানে যাই (পাঠ-১)	গাছ পালার কথা (পাঠ-১)	❑ আমাদের পরিবেশ (পাঠ-১) ❑ জীব ও পরিবেশ (পাঠ-২)

❑ শিক্ষক শিক্ষয়িত্রীরা এই মাসে ক শ্রেণির জন্য ছাত্র-ছাত্রীদের নিজের পরিচয়, পরস্পরর মাধ্য কথোপকথন খেলা-ধূলা, নাচ-গান, পরিবেশ পর্যবেক্ষন ইত্যদির মত অভিরোচনমূলক কার্য করতে দেবেন।

❑ প্রথম দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণিরজন্য প্রস্তুত করা সংযোগী সম্ভারের ক্রিয়াকলাপ এবং তার মান নিরূপণ তাতে সন্নিবিষ্ট নির্দেশনা অনুযায়ী সম্পাদন করবেন।

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ অঙ্গভঙ্গী করে গান করবে

❑ খালি হাত দিয়ে হাল্কা ব্যায়াম করবে।

❑ ভারসাম্য রক্ষার ব্যায়াম করবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা ও শিল্প শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ বর্জ্য সামগ্রী দিয়ে কাগজের মালা, ফুল ইত্যাদি প্রস্তুত করতে শিখবে।

❑ মাটি দিয়ে নাড়ু, পিঠা প্রস্তুত করবে।

❑ ঢোল, খোল, পেঁপা, বাঁশি ইত্যাদির বিষয়ে ধারণা লাভ করবে এবং গান-বাজনায় সেগুলি ব্যবহার করতে শিখবে।

উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

১-৮ এপ্রিল-প্রস্তুতির দিন- ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে বিভিন্ন ধরনের অভিরোচন মূলক ক্রিয়াকলাপের আয়োজন করবেন যাতে ছোটো ছোটো ছেলে মেয়েদের বিদ্যালয়ে আসার জন্য আগ্রহী করে তোলা যায়। এই ক্ষেত্রে মাসের প্রথম দুইদিন শিক্ষক- শিক্ষয়িত্রী, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা সমিতি, মাতৃগোষ্ঠি এবং সমাজের বিভিন্ন ব্যক্তির সহযোগিতায় ছাত্র- ছাত্রীদের মনে উৎসাহ প্রদানকারী কার্যকলাপ সমূহ সন্নিবিষ্ট করে একটি শৃঙ্খলাবদ্ধ পরিকল্পনা প্রস্তুত করবেন।

৭ এপ্রিল- শিক্ষক - শিক্ষয়িত্রী প্রাতঃ সভায় বিশ্ব স্বাস্থ্য দিবসের তাৎপর্য ব্যাখ্যা করার পাশাপাশি নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে আগে থেকে করা যোগাযোগের ভিত্তিতে ছাত্র- ছাত্রী এবং বিদ্যালয়ের সঙ্গে জড়িত সবার স্বাস্থ্য পরীক্ষা করাবেন।

২২ এপ্রিল- শিক্ষক-শিক্ষকয়িত্রীরা এই দিবসের সঙ্গে জড়িত ক্ষেত্রগুলি যেমন- প্লাস্টিক প্রদূষণ রোধ, জনস্বাস্থ্য ও পক্ষীকুলের সুরক্ষা, বিশ্ব উষ্ণায়ন রোধ, বায়ু প্রদূষণ রোধ ইত্যাদির তাৎপর্য ব্যাখ্যা করবেন। ছাত্র-ছাত্রীদের এই বিষয়গুলির ভিত্তিতে বিভিন্ন ক্রিয়াকলাপ যেমন- পোস্টার, শ্লোগান, কবিতা, গল্প ইত্যাদি লিখে বিদ্যালয় চত্বরে প্রদর্শন করতে উৎসাহিত করবেন।

২৫ এপ্রিল- শিক্ষক-শিক্ষয়িত্রীরা ম্যালেরিয়া রোগের কারন এবং এর প্রতিকার সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবগত করবেন ।

উদ্‌যাপন দিবস বিশেষে প্রাতঃসভায় প্রদীপ প্রজ্বলন, তাৎপর্য ব্যাখ্যা করে মধ্যাহ্ন বিরতির পর আনুষংগিক অনুষ্ঠান অনুষ্ঠিত করবেন।

প্রকৃত শ্রেণি দিন : ২২
রবিবার : ৪
অন্যান্য বন্ধের দিন : ৪
মাসটির মোট দিন : ৩০
(মাসটির উদযাপন দিনের সংখ্যা : ৩)

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

বিষয়	ষষ্ঠ	সপ্তম	অষ্টম
বাংলা (ভাষা-১)	বলো বলো বলো সবে (পাঠ-১)	গোষ্ঠ যাত্রা (পাঠ-১)	জোনাকি (পাঠ-১)
গণিত	সংখ্যার গঠন (পাঠ-১)	অখণ্ড সংখ্যা (পাঠ-১)	পরিমেয় সংখ্যা (পাঠ-১)
ইংরাজি (ভাষা-২)	The Rainbow (Lesson-1)	Hobbies (Lesson-1)	The Prince of Panidihing (Lesson-1)
বিজ্ঞান	খাদ্য ঃকোথা থেকে আসে? (পাঠ-১) (Part-1)	উদ্ভিদের পরিপুষ্টি (পাঠ-১) (Part-1)	শস্য উৎপাদন ও পরিচর্যা (পাঠ-১)
সমাজ বিজ্ঞান	❑ সৌরজগতে আমাদের পৃথিবী(ভূ) (পাঠ-১) ❑ কী,কোথায় কখন ও কীভাবে(ই) (পাঠ-৯)	❑ ভূ-পৃষ্ঠে সময় গণনা (ভূ) (পাঠ-১) ❑ মৌর্য যুগের পরবর্তী ভারতবর্ষ (ই) (পাঠ-১০) ❑ আমাদের আশেপাশের বাজার(অ.বি.) (পাঠ-১৮)	———
ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান	———	———	❑ প্রাচীন কামরূপ রাজ্য (পাঠ-১) ❑ সংবিধান ও তার প্রয়োজনীয়তা (পাঠ-১০)
ভূগোল ও অর্থনীতি বিজ্ঞান	———	———	❑ প্রাকৃতিক সম্পদ (পাঠ-১) ❑ মানব সম্পদ উন্নয়ন, মানব সম্পদ উন্নয়নের নির্দেশক এবং মানব সম্পদ উন্নয়নে বৃত্তিমূলক শিক্ষার ভূমিকা (পাঠ-৯)
হিন্দি (ভাষা-৩)	हम होंगे कामयाब (गीत) (Lesson-1)	नन्हा-मुन्ना राही हूँ (गीत) (Lesson-1)	भारत हमको जान से प्यारा है। (गीत) (Lesson-1)
ICT	The Computer (Lesson-1)	Fundamentals of Computer (Lesson-1)	Fundamentals of Computer (Lesson-1)

এই শিক্ষাবর্ষ থেকে অষ্টম শ্রেণির পূর্বের সমাজবিজ্ঞান পাঠ্যপুস্তকটিকে ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান এবং ভূগোল ও অর্থনীতি বিজ্ঞান হিসাবে দুই খন্ডে বিভক্ত করে কার্যকরি করা হয়েছে। মান নিরূপণে প্রতিটি খন্ডের গুরুত্ব ৫০+৫০=১০০ নম্বর ধার্য করতে হবে।

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

কর্ম শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ কাপড়ের মাস্ক তৈরি করতে শিখবে।

❑ নগর ও গ্রাম্য জীবনে ব্যবহৃত বিভিন্ন ধরনের বাঁশ-বেতের সামগ্রী প্রস্তুত করবে।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ ভারসাম্য রক্ষার ব্যায়াম করবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

ত্রিভুজ, বর্গ, আয়ত, বৃত্ত ইত্যাদির আকার ব্যবহার করে বিভিন্ন জিনিসের নমুনা প্রস্তুত করবে।

❑ শিক্ষক-শিক্ষকয়িত্রীরা প্রত্যেক শ্রেণির কাংক্ষিত ফলাফলের প্রাপ্তির কথা মাথায় রেখে পাঠদান প্রক্রিয়া সম্পাদন করবেন।

❑ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের একবার ব্যবহারযোগ্য সামগ্রী যেমন- জলের বোতল, চিপসের প্যাকেট, বিস্কুটের প্যাকেট, চকলেটের প্যাকেট, পলিথিন ইত্যাদি প্লাস্টিক জাতীয় সামগ্রী ব্যবহার বর্জন করতে অনুপ্রাণিত করবেন।

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

মে ২০২৪

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবি
		১ বন্ধের দিন (মে দিবস)	২ শ্রেণি দিন	৩ শ্রেণি দিন	৪ শ্রেণি দিন	৫ বন্ধের দিন
৬ শ্রেণি দিন	৭ শ্রেণি দিন	৮ বন্ধের দিন ও উদযাপন দিন (শ্রীশ্রীদামোদরদেবের তিথি, রবীন্দ্র জয়ন্তী)	৯ শ্রেণি দিন	১০ শ্রেণি দিন	১১ শ্রেণি দিন ও উদযাপন দিন (রাষ্ট্রীয় প্রযুক্তি দিবস)	১২ বন্ধের দিন
১৩ শ্রেণি দিন	১৪ শ্রেণি দিন	১৫ শ্রেণি দিন	১৬ শ্রেণি দিন	১৭ শ্রেণি দিন	১৮ শ্রেণি দিন	১৯ বন্ধের দিন ও উদযাপন দিন (ভাষা-শহীদ দিবস)
২০ শ্রেণি দিন	২১ শ্রেণি দিন	২২ শ্রেণি দিন	২৩ বন্ধের দিন (বুদ্ধ পূর্ণিমা)	২৪ বন্ধের দিন ও উদযাপন দিন (শ্রীশ্রীমাধবদেবের জন্মোৎসব)	২৫ শ্রেণি দিন	২৬ বন্ধের দিন
২৭ শ্রেণি দিন	২৮ শ্রেণি দিন	২৯ শ্রেণি দিন	৩০ শ্রেণি দিন	৩১ শ্রেণি দিন ও উদযাপন দিন (বিশ্ব তামাক বিরোধী দিবস)		

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি

ক শ্রেণি	বিষয়	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম
শিশুদের কর্মপুস্তক (বুনিয়াদী সাক্ষরতা) (পৃষ্ঠা: ১-৯)	বাংলা (ভাষা-১)	বিদ্যাপ্রবেশ কাকতার (প্রথম ভাগ) অধ্যায়: ১ খেলি এসো	কাকতার (দ্বিতীয় ভাগ) অধ্যায়: ২ আমাদের পরিবার	একতার বল (পাঠ-২)	❑ একটি ঝিলমিল রূপকথা (পুনঃ) (পাঠ-২) ❑ কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভা (পাঠ-৩)	❑ দেবারতির আবেদন (পাঠ-৩) ❑ পৌষ্টিক খাদ্যের স্বপ্ন (পাঠ-৪)
শিশুদের কর্মপুস্তক (বুনিয়াদী সাংখ্যিকতা) (পৃষ্ঠা: ১-৯)	গণিত	বিদ্যাপ্রবেশ	❑ প্রথম শ্রেণির পুনরালোচনা ❑ যোগিত গণনা (পাঠ-১)	❑ সংখ্যার ধারণা (১০০থেকে ৫০০ পর্যন্ত) (পাঠ-২) ❑ সময়(পাঠ-৩)	সংখ্যার ধারণা (পুনঃ) (পাঠ-২)	কোণ (পাঠ-২)
Beginners' English (Page: 1-9)	ইংরাজি (ভাষা-২)	❑Our Beautiful World (Lesson-1) ❑My Family (Lesson-2)	❑Village Life (Lesson-1) ❑I love my Family (Lesson-2)	Two Friends & a Bear (Lesson-2)	The Ant and the Grasshopper (Lesson-2)	The Joy of Helping (Lesson-2)
	পরিবেশ অধ্যয়ন	———	———	আমাদের চারপাশের প্রাণীরা (পাঠ-২)	❑ বিভিন্ন প্রাণী (পাঠ-২) ❑ জল (পাঠ-৩)	❑ আবহাওয়া (পাঠ-৩) ❑ জীবন ধারণের প্রণালী (পাঠ-৪)

❑ প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণিরজন্য প্রস্তুত করা সংযোগী সম্ভারের ক্রিয়াকলাপ এবং তার মান নিরূপণ তাতে সন্নিবিষ্ট নির্দেশনা অনুযায়ী সম্পাদন করবেন।

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ তিনটি সমান সারিতে দাঁড়িয়ে মার্চপাস্ট (কদম তল) করতে দেবেন।

❑ সমান সারিতে দাঁড়িয়ে দশ পা এগিয়ে যাবে আবার দশ পা পিছিয়ে আসবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা ও শিল্প শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ কাপড়ে সেলাই করে ও কাগজ কেটে বা কাগজে এঁকে নমুনা প্রস্তুত করবে।

❑ প্রার্থনা, রবীন্দ্র সংগীত, লোকসংগীত, বরগীত, রাভা সংগীত, জ্যোতি সংগীত ইত্যাদি গাওয়ার অভ্যাস করাবেন।

উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলী

৮ মে- কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে তাঁর জীবন ও দর্শনের বিষয়ে আলোচনা করবেন। ছাত্র-ছাত্রীদের দ্বারা রবীন্দ্র সংগীত, নৃত্য ও নাটকের অনুষ্ঠান অনুষ্ঠিত করাবেন।

১১ মে - ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে বিজ্ঞান বিষয়ক কুইজ/আকস্মিক বক্তৃতা বা তর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত করে তার মূল্যায়ন করবেন।

স্থানীয় অভিজ্ঞ ব্যক্তিকে জড়িত করে উপরোক্ত ক্রিয়াকলাপ পরিচালনা করবেন এবং বিশিষ্ট ব্যক্তির দ্বারা বিজ্ঞানের জনপ্রিয় বক্তৃতা অনুষ্ঠিত করাবেন।

১৯ মে - শিক্ষক-শিক্ষয়িত্রীরা ১৯৬১ সালে বরাক উপত্যকায় সংঘটিত ভাষা আন্দোলনে মাতৃভাষার জন্য আত্মত্যাগ করেছেন এমন শহীদদের বিষয়ে সংক্ষেপে আলোচনা করবেন। (এই কার্যসূচি কেবল মাত্র বরাক উপত্যকার জন্য প্রযোজ্য)

২৪ মে - শ্রী শ্রী মাধবদেবের জন্মোৎসব উপলক্ষে তাঁর জীবন দর্শনমূলক আলোচনা করবেন।

৩১ মে- শ্রেণিকক্ষে শিক্ষক- শিক্ষয়িত্রীরা তামাক সেবনের ক্ষতিকারক দিক সম্পর্কে ছাত্র-ছাত্রীদের বুঝিয়ে দেবেন। তামাক সেবনের ফলে অকালে মৃত্যুবরণ করেছেন এমন ব্যক্তিদের উদাহরণ দিয়ে ছাত্র-ছাত্রীদের এই বদভ্যাস ত্যাগ করার জন্য অনুপ্রাণিত করবেন।

উদ্‌যাপন দিবস বিশেষে প্রাতঃসভায় প্রদীপ প্রজ্বলন, তাৎপর্য ব্যাখ্যা করে মধ্যাহ্ন বিরতির পর আনুষংগিক অনুষ্ঠান অনুষ্ঠিত করবেন।

প্রকৃত শ্রেণি দিন	-	২৩
রবিবার	-	৪
অন্যান্য বন্ধের দিন	-	৪
মাসটির মোট দিন	-	৩১

(মাসটির উদ্‌যাপন দিনের সংখ্যা - ৫)

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

বিষয়	ষষ্ঠ	সপ্তম	অষ্টম
বাংলা (ভাষা-১)	❑ তিন পণ্ডিত যুবক (পাঠ-২) ❑ সত্যের সাধক হেমাঙ্গ বিশ্বাস (পাঠ-৩)	❑ জাতকের গল্প (পাঠ-২) ❑ পণ্ডিত আনন্দরাম বরুয়া (পাঠ-৩)	❑ চিরকালের শরাইঘাট (পাঠ-২) ❑ এ্যান ফ্র্যাঙ্কের ডায়েরি (পাঠ-৩)
গণিত	❑ সংখ্যার বিভিন্ন প্রকার (পাঠ-২) ❑ জ্যামিতির মৌলিক ধারণাসমূহ (পাঠ-৩)	❑ ভগ্নাংশ ও দশমিক (পাঠ-২) ❑ তথ্যের ব্যবহার (পাঠ-৩)	❑ এক চলক বিশিষ্ট এক ঘাতের সমীকরণ (পাঠ-২) ❑ চতুর্ভুজ (পাঠ-৩)
ইংরাজি (ভাষা-২)	❑ The Rainbow (R) (Lesson-1) ❑ Tom Sawyer (Lesson-2)	Uruka Adventure (Lesson-2)	My Native Land (Lesson-2)
বিজ্ঞান	❑ খাদ্যের উপাদানসমূহ (পাঠ-২) (Part-1) ❑ পদার্থের পৃথকীকরণ (পাঠ-৩)(Part-1)	❑ প্রাণীর পরিপুষ্টি (পাঠ-২) (Part-1) ❑ তাপ (পাঠ-৩) (Part-1)	❑ অণুজীবসমূহ : শত্রু ও মিত্র (পাঠ-২) ❑ কৃত্রিম তন্তু ও প্লাস্টিক (পাঠ-৩)
সমাজ বিজ্ঞান	❑ পৃথিবীর আকার ও আকৃতি (ভূ) (পাঠ-২) ❑ পৃথিবীর গতি (ভূ) (পাঠ-৩) ❑ আদি প্রস্তর যুগ(ই) (পাঠ-১০)	❑ পৃথিবীর অভ্যন্তরভাগ (ভূ) (পাঠ-২) ❑ পৃথিবীর উপরিভাগ এবং এর পরিবর্তন (ভূ) (পাঠ-৩) ❑ গুপ্ত সাম্রাজ্যের উত্থান (ই) (পাঠ-১১)	———
ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান	———	———	❑ মধ্যযুগের অসম (পাঠ-২) ❑ সংবিধান ও তার প্রয়োজনীয়তা (পাঠ-১০)
ভূগোল ও অর্থনীতি বিজ্ঞান	———	———	❑ জনসংখ্যার বৃদ্ধি ও বিতরণ (পাঠ-২) ❑ মানব সম্পদ উন্নয়ন, মানব সম্পদ উন্নয়নের নির্দেশক এবং মানব সম্পদ উন্নয়নে বৃত্তিমূলক শিক্ষার ভূমিকা (পুনঃ) (পাঠ-৯)
হিন্দি (ভাষা-৩)	❑ স্বর-মালা (Lesson-2) ❑ ধৈর্য কা পাঠ (Lesson-3)	❑ চার মিত্র (Lesson-2) ❑ এক তেজস্বী ঔর দয়াবান বালক (Lesson-3)	কর্মযোগী সেবা (Lesson-2)
ICT	The Computer (Lesson-1)	Fundamentals of Computer (Lesson-1)	❑Fundamentals of Computer (Lesson-1) ❑Computer Hardware (Lesson-2)

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

কর্ম শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ মাটি বা থার্মোকলের সাহায্যে নিজের গ্রাম/অঞ্চল বা বিদ্যালয়ের মানচিত্র প্রস্তুত করে শেখন কোণে সাজিয়ে রাখবে।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ ভারসাম্য রক্ষার ব্যায়াম করবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ ছাত্র-ছাত্রীরা নিজেদের পছন্দ অনুযায়ী বিভিন্ন চিত্র অঙ্কণ করবে।

❑ অপ্রয়োজনীয় সামগ্রী দিয়ে খেলনা ইত্যাদি তৈরি করবে।

উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

১৭ জানুয়ারি-

❑ রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালার প্রতিমূর্তি / আলোক চিত্রের সামনে প্রদীপ জ্বালিয়ে শিক্ষক-শিক্ষয়িত্রীরা শিল্পী দিবসের তাৎপর্য ব্যাখ্যা করবে।

❑ বিদ্যালয়ে সামগ্রিকভাবে জ্যোতিপ্রসাদের গান, কবিতা, নৃত্য, নাটক ইত্যাদি অনুষ্ঠিত করতে হবে।

২৬ জানুয়ারি-

❑ শিক্ষক-শিক্ষয়িত্রী, ছাত্র-ছাত্রীরা সমবেত হয়ে রাষ্ট্রীয় পতাকা উন্মীলন করবেন। শিক্ষক-শিক্ষয়িত্রী, ছাত্র-ছাত্রীরা গণরাজ্য দিবসের তাৎপর্য ব্যাখ্যা করবেন। এবং সংবিধানের প্রতি নাগরিকদের দায়বদ্ধতা সম্পর্কে আলোচনা করবেন। শিক্ষক-শিক্ষয়িত্রীরা রাষ্ট্রীয় পতাকা উন্মীলনের ধারনা ব্যাখ্যা করবেন।

উদ্‌যাপন দিবস বিশেষে প্রাতঃসভায় প্রদীপ প্রজ্বলন, তাৎপর্য ব্যাখ্যা করে মধ্যাহ্ন বিরতির পর আনুষংগিক অনুষ্ঠান অনুষ্ঠিত করবেন।

প্রকৃত শ্রেণি দিন - ২২
রবিবার - ৪
অন্যান্য বন্ধের দিন - ৫
মাসটির মোট দিন - ৩১
(মাসটির উদযাপন দিনের সংখ্যা - ২)

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

বিষয়	ষষ্ঠ	সপ্তম	অষ্টম
বাংলা (ভাষা-১)	❑ প্রকৃতির খেয়াল (পুনঃ) (পাঠ- ১৩) ❑ ঠাকুমাকে কীভাবে পড়তে শিখিয়েছি (পাঠ- ১৪)	❑ প্রাকৃতিক দুর্যোগ (পুনঃ) (পাঠ- ১৩) ❑ হে ভারতের শ্রমজীবী (পাঠ- ১৪)	❑ হোমি জাহাঙ্গির ভাবা (পুনঃ) (পাঠ- ১৩) ❑ সংস্কৃতি এবং আমাদের জীবন (পাঠ- ১৪)
গণিত	অনুপাত এবং সমানুপাত (পাঠ- ১৩)	❑ সূচক ও ঘাত (পাঠ- ১৩) ❑ প্রতিসাম্য (পাঠ- ১৪)	❑ বীজগাণিতিক রাশির উৎপাদক বিশ্লেষণ (পাঠ- ১৪) ❑ লেখ এর সঙ্গে পরিচয় (পাঠ- ১৫)
ইংরাজি (ভাষা-২)	The Mountain and the Squirrel (Lesson-7)	Women in Space (Lesson-8)	Chandraprabha Saikiani (Lesson-8)
বিজ্ঞান	❑ বিদ্যুৎ ও বর্তনী (পাঠ- ৫) (Part-2) ❑ চুম্বকের সাথে খেলি এসো (পাঠ- ৬) (Part-2)	❑ আলোক (পাঠ- ৬) (Part-2) ❑ জল : একটি অমূল্য সম্পদ (পাঠ- ৭) (Part-2)	❑ কিছু প্রাকৃতিক পরিঘটনা (পাঠ- ১৫) ❑ আলোক (পাঠ- ১৬)
সমাজ বিজ্ঞান	❑ আমাদের ভারতবর্ষ (ভূ) (পাঠ- ৮) ❑ মৌর্যসাম্রাজ্য (ই)(পাঠ- ১৩) ❑ পৃথিবীর প্রধান ভূ-অবয়ব (ভূ) (পাঠ- ৯)	❑ মানের সমমর্যাদা এবং সমমূল্য (অ.বি.) (পুনঃ)(পাঠ- ২১) ❑ প্রান্তীয় গোষ্ঠী এবং গণতান্ত্রিক অধিকার (রা.বি.) (পাঠ- ২৩) ❑ উত্তর-পূর্ব ভারত (ভূ) (পাঠ- ৮)	———
ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান	———	———	❑ ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহ (পাঠ- ৯) ❑ মৌলিক অধিকার (পুনঃ) (পাঠ- ১২)
ভূগোল ও অর্থনীতি বিজ্ঞান	———	———	❑ সাগর-মহাসাগর (পুনঃ) (পাঠ- ৫) ❑ আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন অনুষ্ঠান-প্রতিষ্ঠানের ভূমিকা (পুনঃ) (পাঠ- ১১)
হিন্দি (ভাষা-৩)	❑ মैं सबसे छोटी होऊँ (पाठ-14) ❑ होली आई रे (पाठ-15)	❑ आओ, स्कूल चलें (पाठ-14) ❑ तुम कब जाओगे अतिथि (पाठ-15)	❑ बाढ़ का मुकाबला (पाठ-12) ❑ मेरा नया बचपन (पाठ-13)
ICT	Working Safely in the Cyber World (Lesson-5)	Working Safely in the Cyber World (Lesson-7)	❑Introduction to Coding (Lesson-8) ❑Working Safely in the Cyber World (Lesson-9)

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

কর্ম শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

মাটির কাজঃ প্রদীপ, গাছা, ফুলদানি, টব, বিভিন্ন জীব-জন্তুর অবয়ব প্রস্তুত করবে।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

❑ খালি হাতের ব্যায়াম করবে।

❑ প্রাণায়াম করতে শিখবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

বর্জ্য সামগ্রী দিয়ে নিজের অঞ্চল, বিদ্যালয়, বাজার ইত্যাদির নমুনা প্রস্তুত করবে।

২০২৫ সালের জানুয়ারি মাসের অন্যান্য বন্ধগুলি ক্যালেণ্ডারে প্রতিফলিত হলেও সেই বছরের সরকারী বন্ধের অধিসূচনা অনুসারে এই বন্ধগুলি প্রযোজ্য হবে।

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

ফেব্রুয়ারি ২০২৫

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবি
					১ শ্রেণি দিন	২ বন্ধের দিন ও উদযাপন দিন (শ্রীশ্রী সরস্বতী পূজা)
৩ শ্রেণি দিন	৪ শ্রেণি দিন	৫ শ্রেণি দিন	৬ শ্রেণি দিন	৭ শ্রেণি দিন	৮ শ্রেণি দিন	৯ বন্ধের দিন
১০ শ্রেণি দিন	১১ শ্রেণি দিন	১২ বন্ধের দিন (বীর চিলারায় দিবস)	১৩ শ্রেণি দিন	১৪ শ্রেণি দিন	১৫ শ্রেণি দিন	১৬ বন্ধের দিন
১৭ শ্রেণি দিন	১৮ শ্রেণি দিন	১৯ শ্রেণি দিন	২০ শ্রেণি দিন	২১ শ্রেণি দিন ও উদযাপন দিন (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)	২২ শ্রেণি দিন	২৩ বন্ধের দিন
২৪ শ্রেণি দিন	২৫ শ্রেণি দিন	২৬ শ্রেণি দিন	২৭ শ্রেণি দিন	২৮ শ্রেণি দিন ও উদযাপন দিন (রাষ্ট্রীয় বিজ্ঞান দিবস)		

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি

ক শ্রেণি	বিষয়	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম
শিশুদের কর্মপুস্তক (বুনিয়াদী সাক্ষরতা) (পৃষ্ঠা: ৫৫-৬০)	বাংলা (ভাষা-১)	কাকোর(প্রথম ভাগ) অধ্যায়: ৯ যাতায়াত ও যোগাযোগ অধ্যায়: ১০ মেলা ও পার্বন	কাকোর(দ্বিতীয় ভাগ) অধ্যায়: ১০ উৎসব ও উদযাপন	আমার মা (পাঠ-১৪)	মজার দেশ (পাঠ-১৪)	বড়ো কে? (পাঠ-১৪)
শিশুদের কর্মপুস্তক (বুনিয়াদী সাংখ্যিকতা) (পৃষ্ঠা: ৫৫-৬০)	গণিত	❑ নমুনা (পাঠ-১৩) ❑ টাকা-পয়সা (পাঠ-১৪)	❑ তথ্যের ব্যবহার (পাঠ-১৩) ❑ এসো ভাগ করি (পাঠ-১৪) ❑ যান্ত্রিক খেলা (পাঠ-১৫)	পুনরালোচনা	সময় (পাঠ-১৪)	মাপ-জোখের প্রয়োগ (পাঠ-১৪)
Beginners' English (Page: 55-60)	ইংরাজি (ভাষা-২)	Lets' stay healthy (Lesson-6)	Our Festivals (Lesson-6)	Revision	Revision	Revision
	পরিবেশ অধ্যয়ন	———	———	পুনরালোচনা	আমাদের অধিকার (পাঠ-১৪)	আমাদের প্রতিবেশী রাজ্যসমূহ (পাঠ-১৯)

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

- ❑ লম্বা থেকে খাটো এই হিসেবে ছাত্র-ছাত্রীরা মেরুদণ্ড সোজা করে এক সারিতে দাঁড়াবে।
- ❑ হাল্কা ধরনের খেলা যেমন - ফ্রগ জাম্প, রুমাল দিয়ে খেলা, ইঁদুর-বিড়াল খেলা ইত্যাদি খেলবে।
- ❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা ও শিল্প শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

- ❑ ক্যালেন্ডার বা থার্মোকলের সাহায্যে ছাত্র-ছাত্রীরা বিভিন্ন ধরনের প্রকল্প প্রস্তুত করবে।
- ❑ বিভিন্ন রঙের গুড়ো দিয়ে আলপনা আঁকবে।
- ❑ প্রার্থনা, লোকসংগীত, স্থানীয় গান ইত্যাদি গাওয়ার অভ্যাস করবে।

উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

২ফেব্রুয়ারি- সরস্বতী পূজা

২১ফেব্রুয়ারি - ছাত্র-ছাত্রীদের মনে মাতৃভাষার প্রতি আগ্রহ এবং অনুরাগ বৃদ্ধি করার জন্য বিভিন্ন অনুষ্ঠান (যেমন- পদ্য, গল্প লেখা ও পড়া) ইত্যাদি অনুষ্ঠিত করবেন।

২৮ ফেব্রুয়ারি - রাষ্ট্রীয় বিজ্ঞান দিবস উপলক্ষে বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করবেন। ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান মানসিকতা বিকাশের জন্য বিভিন্ন ধরনের কার্যকলাপে নিয়োজিত করবেন।

যেহেতু এই মাসের উদ্‌যাপন দিবসগুলি পরীক্ষার সময়সারণীর মধ্যে অন্তর্ভুক্ত হয়ে রয়েছে, শিক্ষক-শিক্ষয়িত্রীরা প্রাতঃসভার সংক্ষেপে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করবেন।

প্রকৃত শ্রেণি দিন	- ২৩
রবিবার	- ৪
অন্যান্য বন্ধের দিন	- ১
মাসটির মোট দিন	- ২৮

(মাসটির উদযাপন দিনের সংখ্যা - ৩)

শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

বিষয়	ষষ্ঠ	সপ্তম	অষ্টম
বাংলা (ভাষা-১)	❑ ঠাকুমাকে কীভাবে পড়তে শিখিয়েছি (পুনঃ) (পাঠ-১৪) ❑ ধামাইল (পাঠ-১৩)	❑ হে ভারতের শ্রমজীবী (পুনঃ) (পাঠ-১৪) ❑ মাজেলাড় (পাঠ-১৫)	❑ সংস্কৃতি এবং আমাদের জীবন (পুনঃ) (পাঠ-১৪) ❑ শ্রীকৃষ্ণের মৃত্তিকা ভক্ষণ (পাঠ-১৫)
গণিত	ব্যবহারিক জ্যামিতি (পাঠ-১৪)	কঠিন আকৃতির পর্যবেক্ষণ (পাঠ-১৩)	সংখ্যা নিয়ে খেলা (পাঠ-১৬)
ইংরাজি (ভাষা-২)	I Love My Country (Lesson-8)	Women in Space(R) (Lesson-8)	Chandraprabha Saikiani (R) (Lesson-8)
বিজ্ঞান	❑ আমাদের চারপাশের বায়ু (পাঠ-৭) (Part-2) ❑ আবর্জনা সৃষ্টি ও নিষ্কাশন (পাঠ-৮)(Part-2)	❑ কখনকখনো আমাদের জীবন রেখা (পাঠ-৮) (Part-2) ❑ বর্জিত জলের গল্প (পাঠ-৯) (Part-2)	❑ তারকা ও সৌরজগত (পাঠ-১৭) ❑ বায়ু ও জল প্রদূষণ (পাঠ-১৮)
সমাজ বিজ্ঞান	স্থানীয় স্বায়ত্ত শাসন ব্যবস্থা (রা.বি.) (পাঠ-১৪)	❑ ভারতবর্ষের জলবায়ু, প্রাকৃতিক উদ্ভিদ, কৃষি এবং জনসংখ্যা (ভূ) (পাঠ-৯) ❑ উত্তর-পূর্ব ভারত (ভূ) (পুনঃ) (পাঠ-১)	———
ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান	———	———	পুনরালোচনা
ভূগোল ও অর্থনীতি বিজ্ঞান	———	———	পুনরালোচনা
হিন্দি (ভাষা-৩)	खेल और सेहत (Lesson-16)	अमृत वाणी (Lesson-16)	मैं हूँ महाबाहु ब्रह्मपुत्र (Lesson-14)
ICT	❑Tools of ICT (R) (Lesson-4) ❑Working Safely in the Cyber World (R) (Lesson-5)	❑Desktop Basics (R) (Lesson-4) ❑Introduction to the Internet (R)(Lesson-5) ❑Draw your Imagination (R)(Lesson-6) ❑Working safely in the Cyber World (R) (Lesson-7)	Working Safely in the Cyber World (R) (Lesson-9)

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

কর্ম শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

কাগজের কাজ - ফুল, হাতপাখা, বিভিন্ন জ্যামিতিক আকৃতি যেমন— ত্রিভুজ, চতুর্ভুজ, ঘনক, বর্গ, ঘুড়ি, কোলাজ ইত্যাদি প্রস্তুত করতে শিখবে।

স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

- ❑ সম্পূর্ণ মার্চপাস্ট করবে।
- ❑ বল পাসিং খেলবে।
- ❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

কলা শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ

মূল্যবোধ সম্বলিত নাটক রচনা ও পথ নাটিকা অনুষ্ঠিত করবে। পাঠের সঙ্গে সংগতি রেখে অন্যান্য চরিত্রের পাশাপাশি বীরবল, লাচিত বরফুকন, স্বামী বিবেকানন্দ ইত্যাদি চরিত্রাভিনয়ে গুরুত্ব আরোপ করবে।

২০২৫ সালের ফেব্রুয়ারি মাসের অন্যান্য বন্ধগুলি ক্যালেণ্ডারে প্রতিফলিত হলেও সেই বছরের সরকারী বন্ধের অধিসূচনা অনুসারে এই বন্ধগুলি প্রযোজ্য হবে।

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

মার্চ ২০২৫

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবি
৩১ বন্ধের দিন (ঈদ-উল-ফিটর)					১ শ্রেণি দিন	২ বন্ধের দিন
৩ শ্রেণি দিন	৪ শ্রেণি দিন ও উদযাপন দিন (শিশু সুরক্ষা দিবস)	৫ শ্রেণি দিন	৬ শ্রেণি দিন	৭ শ্রেণি দিন	৮ শ্রেণি দিন	৯ বন্ধের দিন
১০ মান নিরূপণের দিন	১১ মান নিরূপণের দিন	১২ মান নিরূপণের দিন	১৩ মান নিরূপণের দিন	১৪ বন্ধের দিন (দোল যাত্রা)	১৫ মান নিরূপণের দিন	১৬ বন্ধের দিন
১৭ মান নিরূপণের দিন	১৮ মান নিরূপণের দিন	১৯ মান নিরূপণের দিন	২০ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন	২১ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন	২২ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন উদযাপন দিন (বিশ্ব জল দিবস)	২৩ বন্ধের দিন
২৪ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন	২৫ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন	২৬ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন	২৭ বাৎসরিক পরীক্ষার ফলাফল ঘোষণার দিন	২৮ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনা	২৯ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনা	৩০ বন্ধের দিন

মার্চ মাসে করণীয় অন্যান্য কার্য্যাবলি

- ☐ এই মাসের তৃতীয় ও চতুর্থ সপ্তাহে সবগুলো শ্রেণির দ্বিতীয় সামগ্রিক মান নিরূপণ করবেন। পঞ্চম ও অষ্টম শ্রেণির সমগ্র শৈক্ষিক বর্ষের পাঠ অন্তর্ভুক্ত করে বর্ষান্ত পরিক্ষা অনুষ্ঠিত করবেন।
- ☐ এই মাসের শেষ সপ্তাহে সকল শ্রেণির মান নিরূপণ ও বর্ষান্ত পরিক্ষার ফলাফল ঘোষণা করবেন।
- ☐ পঞ্চম ও অষ্টম শ্রেণির যে সকল ছাত্র-ছাত্রী উপযুক্ত ফলাফল প্রদর্শনে অসফল হবে তাদের পরিপূরক শিক্ষা প্রদান ও পুনঃপরিক্ষার ব্যবস্থা করবেন। (এই ক্ষেত্রে No. E228812/27 dated 1st Nov, 2022 সরকারী নির্দেশনা প্রযোজ্য হবে।)
- ☐ চতুর্থ-পঞ্চম সপ্তাহে সকল শ্রেণির খতিয়ান প্রস্তুত ও ফলাফল ঘোষণা ।
- ☐ পরিপূরক শেখন (পঞ্চম এবং অষ্টম শ্রেণি)
- ☐ আগন্তুক শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের নাম পঞ্জিভুক্ত করবেন
- ☐ বিদ্যালয়ের সামগ্রিক বিকাশের পরিকল্পনা

বিশেষভাবে সক্ষম শিশুদের জন্য গ্রহণযোগ্য ব্যবস্থাবলি

বিশেষভাবে সক্ষম শিশুদের মান নিরূপণের ক্ষেত্রে গ্রহণযোগ্য কিছু ব্যবস্থাবলি নিম্নে উল্লেখ করা হল-

১) প্রয়োজন অনুযায়ী এইসকল ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত সময় দেবেন। অবসাদ দূর করার জন্য এই সময়ের মধ্যে বিশ্রামের অনুমতি দেবেন।

২) ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করতে দেবেন, উদাহরণস্বরূপে— ক্যালকুলেটর, এবেকাস, টেইলর ফ্রেমের যোগাযোগ বোর্ড, হেলানো বোর্ড, টেপ রেকর্ডার, পেন গ্রিপ্স অর্থাৎ কলম ধরার সরঞ্জাম ইত্যাদি।

৩) শ্রবণ বাধাগ্রস্ত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ভাষা আহরণে অসুবিধা থাকায় মূল্যায়নের পদ্ধতি রচনাভিত্তিকের পরিবর্তে বস্তুনিষ্ঠ হওয়া উচিত। প্রশ্নসমূহের ভাষা সহজ-সরল হওয়া নিতান্তই প্রয়োজনীয়।

৪) দৃষ্টি শক্তির অসুবিধা রয়েছে এমন ছাত্র-ছাত্রীদের জন্য প্রশ্নপত্রসমূহ প্রয়োজন অনুসারে ব্রেইল/বড়ো ছাপা অক্ষরের হতে হবে।

৫) যতদূর সম্ভব যতি চিহ্ন, বানান ও ব্যাকরণের ভুলের জন্য নম্বর কমিয়ে দেওয়া উচিত নয়।

৬) পরীক্ষার সময়ে দেওয়া মৌখিক নির্দেশনাগুলি বোর্ডে লিখে দেবেন।

৭) প্রয়োজনে একজন লিপিকার নিয়োগের ব্যবস্থা করবেন।

৮) মগজের পক্ষাঘাতজনিত শিশুরা লেখার সময় যথেষ্ট চাপ দিয়ে লেখে। সেজন্য তাদের যে উত্তরপত্র/কাগজ ব্যবহার করতে দেওয়া হয় সেগুলো যথেষ্ট মোটা হওয়া উচিত।

৯) মানসিক বাধাগ্রস্ত শিশুদের মূল্যায়নের জন্য প্রস্তুত প্রশ্নসমূহের জটিলতা শিশুর বোধগম্যতার ওপর ভিত্তি করেই নির্ণয় করা উচিত।

উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

১০, ১১, ১২, ১৩, ১৫, ১৭, ১৮, ১৯ মার্চঃ মান নিরূপণর দিন। বুনিয়াদী স্তরে সামগ্রিক মান নিরূপণের পরিবর্তে গঠনাত্মক মান নিরূপণ প্রযোজ্য হবে।

৪ মার্চ- শিক্ষক-শিক্ষয়িত্রী শিশুর সুরক্ষা এবং এর সজাগতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করবেন।

২২ মার্চ- জল সংরক্ষণ সম্পর্কে শিক্ষক-শিক্ষয়িত্রী জল দিবসের তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করবেন। ছাত্র-ছাত্রীরা প্রস্তুত করা শ্লোগান, পোস্টার, ছবি ইত্যাদি বিদ্যালয় চত্বর ও তার পার্শ্ববর্তী অঞ্চলের সুবিধাজনক স্থানে টাঙিয়ে রাখবেন।



মার্চ মাসে করণীয় অন্যান্য কার্য্যাবলি

- পাঠ পরিকল্পনা প্রস্তুতকরণ
- নিঃশুল্ক পাঠ্যপুস্তক বিতরণ
- স্থানীয় কতৃপক্ষ, সমাজ, পিতৃ-মাতৃ, অভিভাবক, মাতৃগোষ্ঠী, শিক্ষক-শিক্ষয়িত্রী ছাত্র-ছাত্রীদের সহযোগিতায় বিদ্যালয় চত্বর, শৌচাগার, মধ্যাহ্ন ভোজনের রান্নাঘর, জল জমা করা পাত্র পরিষ্কারকরণ।
- বিদ্যালয়ে স্বেচ্ছামূলক (আর্থিক) অন্যান্য ভাবে অনুদান যোগানের জন্য স্থানীয় জনগণকে উৎসাহিত করা এবং এই ধরনের অবদানগুলি নিখুঁতভাবে লিপিবদ্ধ করে রাখবেন।
- সমাজের বিশেষ পারদর্শী ব্যক্তি, যেমন- কৃষক, পশুপালক, মৎস্যপালক, কারিগর, তাঁতি, পরিবেশবিদ, সংগীতশিল্পী, খাদ্যপ্রস্তুতকারী, লোকশিল্পীদের বিদ্যালয়ে আমন্ত্রন করে আনবেন। ছাত্র-ছাত্রী, অভিভাবকদের উপস্থিতিতে এইসকল ব্যক্তির পারদর্শিতার ওপর আলোকপাত করে সকলকে উৎসাহিত করবেন।

মান নিরূপণে গ্রেডের ব্যবহার

বুনিয়াদী স্তর-

স্তর ১	স্তর ২	স্তর ৩
মৌলিক ধারণা এবং দক্ষতা নাথাকা শিশু, ক্রিয়াকলাপ করার সময় অধিক সহযোগিতার প্রয়োজন হোবা শিশু	বিষয় সম্পর্কে বিশেষ মৌলিক জ্ঞান থাকলেও ক্রিয়াকলাপের জন্য শিক্ষকের সহযোগিতার প্রয়োজন থাকা শিশু	ক্রিয়াকলাপ ও আলোচনার সময় ধারণা এবং দক্ষতা আহরণ করে উপস্থাপন করবে এবং শিক্ষকের নির্দেশনা অনুযায়ী স্বতন্ত্রভাবে কাজ করতে পারবে

বিঃদ্রঃ শারীরিক, নান্দনিক আবেগিক প্রকৃতির মতো বিকাশের ক্ষেত্রগুলোতে শিশুর অগ্রগতি পর্যবেক্ষণ করে তা নথিভুক্ত করবেন।

প্রস্তুতি এবং মধ্যম স্তর-

(ক) বিদ্যায়তনিক দিকের জন্য

গ্রেডের স্তর	গ্রেডের মন্তব্য	গ্রেডের শতাংশ
গ্রেড A+	উৎকৃষ্ট	(৯১-১০০%)
গ্রেড A	উত্তম	(৮১-৯০%)
গ্রেড B	খুব ভালো	(৬১-৮০%)
গ্রেড C	ভালো	(৪১-৬০%)
গ্রেড D	উৎকর্ষ সাধনের প্রয়োজন	(৪০% -র কম)

$$\text{গ্রেড নির্ণয়} - \frac{\text{বিষয়ভিত্তিক মোট প্রাপ্ত নম্বর}}{\text{বিষয়ভিত্তিক সর্বমোট নম্বর}} \times ১০০$$

খ) ব্যক্তিগত-সামাজিক গুণরাজি

শিক্ষক-শিক্ষয়িত্রীরা এই সম্পর্কে গঠনাত্মক মন্তব্য প্রদান করা উচিত। যদি ছাত্র/ছাত্রীটি কোনো ক্ষেত্রে দুর্বল ও তার অধিক বিকাশের প্রয়োজন হয়, তাহলে 'তাকে এই ক্ষেত্রে অনগ্রসর' না বলে 'এই ক্ষেত্রে তার অধিক যত্নের প্রয়োজন' বলে উল্লেখ করা উচিত।

২০২৫ সালের মার্চ মাসের অন্যান্য বন্ধগুলি ক্যালেণ্ডারে প্রতিফলিত হলেও সেই বছরের সরকারি বন্ধের অধিসূচনা অনুসারে এই বন্ধগুলি প্রযোজ্য হবে।

পি এম-ই বিদ্যা (PM-e VIDYA)

সমগ্র রাজ্যের ছাত্র-ছাত্রীদের গণগত শিক্ষার বিষয়বস্তুর সুবিধা প্রদান করবার জন্য, বিশেষভাবে গ্রাম্য ও দুর্গম অঞ্চলসমূহ যেখানে শিক্ষামূলক সম্পদের সুবিধা সীমিত হতে পারে, সেখানে পি এম ই বিদ্যা ডি টি এচ টিভি চ্যানেলসমূহ নিশ্চিত করে যে অভাবনীয় পরিস্থিতির সম্মুখীন হয়ে ছাত্র-ছাত্রীরা যেন তাদের পড়া-লেখা ও শিক্ষা থেকে বঞ্চিত না হয় এবং প্রস্তুতি পর্যায় থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত যেন তারা শিক্ষামূলক বিষয়বস্তুর সুবিধা পায়।

পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের ভিত্তিতে প্রস্তুত করা শিক্ষামূলক ভিডিয়ো টেলিকাষ্ট করা চ্যানেলটি হচ্ছে ০৫ ডি টি এচ টিভি। নতুন ভিডিয়ো এবং পুনঃসম্প্রসারণের বিষয়সমূহ এই ভিডিয়ো চ্যানলসমূহে ২৪ ঘন্টা অবিরতভাবে সম্প্রচার করা হয়। অসমের ৫টি ডি টি এচ চ্যানেল নীচের আদলে বিভিন্ন পর্যায়ের জন্য বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	চ্যানেল	ডি টি এচ টিভি চ্যানেল নং
১	ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত	২০৫৮ ডি ডি পিএম- ই বিদ্যা ৫৮
২	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত	২০৫৯ ডি ডি পিএম- ই বিদ্যা ৫৯
৩	নবম শ্রেণি ও দশম শ্রেণি	২০৬০ ডি ডি পিএম- ই বিদ্যা ৬০
৪	একাদশ শ্রেণি ও দ্বাদশ শ্রেণি	২০৬১ ডি ডি পিএম- ই বিদ্যা ৬১
৫	শিক্ষক শিক্ষা	২০৬২ ডি ডি পিএম- ই বিদ্যা ৬২

টেলি শিক্ষা (Tele Education)

টেলিশিক্ষা হল উপগ্রহ প্রযুক্তি মাধ্যমে প্রদান করা এক উদ্ভাবনামূলক শিক্ষা ব্যবস্থা। এই শিক্ষা ব্যবস্থায় ডিজিটেল মাধ্যম প্রয়োগ করে ভাব বিনিময়ের দ্বারা ষ্টুডিয়োভিত্তিক শিক্ষা প্রদান করা হয়। অসমের বিদ্যালয়সমূহে ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত অসমিয়া, বাংলা, বড়ো ও ইংরাজি এই চারটি মাধ্যমে গণিত, বিজ্ঞান, ইংরাজি ও কম্পিউটার এই বিষয়গুলি নিয়ে ই-শিক্ষা (e-learning) ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। এই উদ্ভাবনমূলক শিক্ষণ প্রক্রিয়া প্রবর্তনের ফলে ছাত্র-ছাত্রীদের উপকার হবে বলে আশা করা যায়।

"খেলনা ভিত্তিক শিক্ষণ" (Toy Based Pedagogy)

খেলনাভিত্তিক শিক্ষণ হচ্ছে খেলনা ও পুতুলের মাধ্যমে পাঠদানের ওপর গড়ে ওঠা শিক্ষণ-শিখন প্রণালী। রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০-এ খেলনাভিত্তিক শিক্ষণকে পাঠ্যক্রমে সংযুক্ত করার ওপর বিশেষ গুরুত্ব প্রদান করেছে, কারণ এটি বিভিন্ন বিষয়ের বিষয়বস্তুসমূহকে যুক্তিসঙ্গত ও শিক্ষার্থীকেন্দ্রিক করে শিক্ষার্থীর সঙ্গে শিক্ষার নিরবিচ্ছিন্ন সেতুবন্ধনের উপায় প্রদান করে. খেলনার শৈক্ষিক প্রাসঙ্গিকতার বিষয়ে ভাবলে দেখা যায় যে বিশেষভাবে স্থানীয় খেলনাসমূহের সাংস্কৃতিক তথা অর্থনৈতিক দুই ধরণেরই প্রভাব থাকে। আনুষ্ঠানিক পরিবেশে এই খেলনা ও পুতুলসমূহের ব্যবহার শিক্ষাকে মনোগ্রাহী করে, সাংস্কৃতিক সজাগতার বিকাশ করে এবং পরম্পরাগত পুতুল ও খেলার পুনরুজ্জীবন ও প্রচারের একাধিক পথ উন্মুক্ত করে।

রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০ এবং বুনিয়াদি পর্যায়ে রাষ্ট্রীয় পাঠ্যক্রম রূপরেখা অনুযায়ী নতুন পাঠ্যপুস্তকসমূহের প্রস্তুতকরণ

রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০ এবং বুনিয়াদি পর্যায়ের জন্য রাষ্ট্রীয় পাঠ্যক্রম রূপরেখা ২০২২-এর ভিত্তিতে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য ভাষা ও গণিতের পাঠ্যপুস্তক সংশোধন করে প্রকাশ করেছে। রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০র পরামর্শ অনুযায়ী সংশোধিত পাঠ্যপুস্তকসমূহে আলোচনা, বিশ্লেষণ, উদাহরণ এবং প্রয়োগের মাধ্যমে মূল প্রয়োজনীয় সামগ্রীসমূহ সন্নিবিষ্ট করা হয়েছে। পাঠ্যপুস্তকসমূহে নির্দিষ্ট দক্ষতাসমূহ অর্জন করার জন্য বিষয়বস্তুসমূহ প্রস্তুত করা হয়েছে। শিশুর স্থানীয় প্রসঙ্গ এবং পরিবেশকে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু চয়নের বুনিয়াদি হিসেবে বিবেচনা করা হয়েছে।

পাঠ্যপুস্তকের মাধ্যমে অর্জন করণীয় দক্ষতা এবং শেখার ফলাফল সমূহ ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকের সুবিধার জন্য বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

বিজ্ঞান ও গণিতের দ্বি-ভাষিক পাঠ্যপুস্তক

সরকারের নির্দেশনা অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির জন্য বিজ্ঞান ও গণিতের জন্য দ্বিভাষিক পাঠ্যপুস্তক প্রস্তুত করা হয়েছে। বাঁদিকের পৃষ্ঠায় ইংরাজি ভাষা এবং ডানদিকের পৃষ্ঠায় স্থানীয় ভাষা দেওয়া হয়েছে। বিজ্ঞান ও গণিত ইংরাজি ভাষায় অধ্যয়ন করলে ছাত্র-ছাত্রীদের যুক্তিসঙ্গত চিন্তার সঙ্গে ভাষা সংক্রান্ত চর্চা- এই দুটি বিষয়েই দ্বৈত মানসিকতা গড়ে উঠবে। এই প্রচেষ্টা ছাত্র-ছাত্রীদের মধ্যে কম বয়স থেকেই ইংরাজিতে প্রকাশ করার অভ্যাস তৈরি করবে।

শিশুর সুরক্ষা ও নিরাপত্তা

ভারতীয় সংবিধান কয়েকটি অতি প্রয়োজনীয় তথা বিশেষ আইন ও নীতির মাধ্যমে শিশুর অধিকারসমূহ সুরক্ষিত করে শিশুদের প্রতি অধিক মনোযোগ প্রদান করার প্রয়াস করেছে। ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ ৪৫ সংশোধন করে রাষ্ট্রের সকল শিশুর প্রাক শৈশিবকালীন যত্ন এবং শিক্ষার ব্যবস্থার কথা বলা হয়েছে।

শিশুর শিক্ষার অধিকার সুরক্ষিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ আইন হচ্ছে, 'শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০০৪' এই আইন অনুযায়ী প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে শিশুর অধিকার সুরক্ষার জন্য রাষ্ট্রীয় শিশু অধিকার সুরক্ষা আয়োগ (National Commission for Protection of Child Rights) এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা আয়োগ (State Commission for Protection of Child Rights) গঠন করা হয়েছে। প্রচলিত কোনো আইনের অধীনে শিশুর অধিকার সুরক্ষা সম্বন্ধীয় বিভিন্ন ব্যবস্থাসমূহ রূপায়নের ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা, করণীয় কার্যসমূহের বিষয়ে পরামর্শ দেওয়া বা সেক্ষেত্রে বিভিন্ন সময়ে রাজ্য সরকারের নিকট প্রতিবেদন দাখিল করা, সমাজের বিভিন্ন শ্রেণির মানুষের মধ্যে শিশুর সম্বন্ধে সজাগতা বৃদ্ধি করা, শিশুর কোনো অধিকার উলঙ্ঘন হলে তৎক্ষণাৎ তদন্ত করার জন্য শিশুর ন্যায়ালয় স্থাপন করা— ইত্যাদি কার্যসমূহ শিশুর অধিকার সুরক্ষা আয়োগসমূহ সম্পাদন করে।

প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে শিশুর সুরক্ষা এবং নিরাপত্তার ক্ষেত্রে বিদ্যালয়ের ভূমিকা

বিদ্যালয় সুরক্ষা (School Safety) বা বিদ্যালয়ে শিশুর সুরক্ষা বলতে একটি শিশুর কেবল বিদ্যালয়ের ভেতর সুরক্ষিত থাকা বোঝায় না, বরং একটি শিশু ঘর থেকে বিদ্যালয়ে আসা, বিদ্যালয়ে থাকার সময় এবং বিদ্যালয়ে থেকে ঘরে ফেরার সময় সুরক্ষিত থাকা বোঝায়। সুতরাং শিশুর জন্য সুরক্ষিত পরিবেশ গড়ে তুলতে হলে শিক্ষক-শিক্ষয়িত্রীর সঙ্গে অভিভাবকদেরও গুরুত্বপূর্ণ-দায়িত্ব পালন করতে হবে, তখনই প্রকৃতপক্ষে শিশুদের জন্য শেখার পরিবেশ সুরক্ষিত হবে।

বিদ্যালয় সুরক্ষা ব্যবস্থা শিশুর যে কোনো ধরণের হিংসা, শাস্তি, অপব্যবহার, সামাজিক-আবেগিক বিষয়, দুর্যোগ, দুর্ঘটনা ইত্যাদি থেকে সুরক্ষিত হয়া অবস্থানকে বোঝায়। শিশুর নিরাপত্তা ও সুরক্ষার জন্য শিক্ষক-অভিভাবক এবং সমাজের অন্য ব্যক্তিদের সহযোগিতাও অপরিহার্য। প্রতিটি বিদ্যালয়ে ছোটো ছোটো শিশুদের নিরাপদ ও সুরক্ষিত করার জন্য বিদ্যালয়সমূহে গ্রহণযোগ্য কয়েকটি ব্যবস্থা হচ্ছে—

- বিদ্যালয়ে একটি নিরাপদ শিক্ষণ পরিবেশ গড়ে তোলা।
- প্রত্যেক বিদ্যালয়ে একটি সামগ্রিক বিদ্যালয় সুরক্ষা নীতির (Comprehensive school safety Policy) ব্যবস্থা করা।
- সুরক্ষা ও নিরাপত্তা সম্পর্কে শিশুকে সজাগ করা।
- বিদ্যালয় গৃহ ও এর চারপাশ পরিষ্কার রাখা।
- বিদ্যালয়ে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা।
- ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক শৌচাগার-প্রস্রাবগারের ব্যবস্থা করা।
- বিদ্যালয়ের খেলার মাঠ শিশুর উপযোগী হবার জন্য সুরক্ষিত করে রাখা।
- বিদ্যালয়ে প্রাথমিক চিকিৎসার সামগ্রী (First aid box) মজুত রাখা।
- শিশুকে শারীরিক-মানসিক শাস্তি থেকে বিরত রাখা।
- শিক্ষক- অভিভাবক ও শিশুদের মধ্যে এক ধনাত্মক তথা সু-সম্পর্ক স্থাপন করা।

প্রাতঃসভায় গ্রহণীয় সংকল্পের কিছু নমুনা

- এটি আমাদের বিদ্যালয় ।
- বিদ্যালয়টি আমাদের আপন ।
- আমরা সবসময় বিদ্যালয়ে আসব ।
- আমরা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে আসব ।
- আমরা সবসময় বিদ্যালয় গৃহ ও প্রাঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন করে রাখব ।
- আমরা শিক্ষাগুরু এবং বয়োজ্যেষ্ঠদের শ্রদ্ধা করব ।
- আমরা সহপাঠীদের সঙ্গে মিলে-মিশে থাকব এবং নীতি নিয়মগুলি মেনে চলব ।
- আমরা ছাত্র-ছাত্রীরা দেশের ভাবী নাগরিক । আমরা আমাদের দেশের সম্মান অটুট রাখতে সর্বদা সচেষ্ট থাকব বলে সংকল্পবদ্ধ হলাম ।

বিদ্যালয় শিক্ষা বিভাগের দ্বারা প্রস্তুত করা "বিদ্যালয়ের নিয়মাবলী"

'বিদ্যালয় নিয়মাবলী' (School Rulebook) পুস্তকটি রাষ্ট্রীয় শিক্ষনীতি, ২০২০-এ উল্লিখিত নীতিসমূহের আধারে নির্ধারিত লক্ষসমূহে উপনীত হবার জন্য প্রস্তুত করা হয়েছে। এই নীতিসমূহ মেনে চলা বাঞ্ছনীয়, যেহেতু এর ওপর গুণোৎসব, শিক্ষক ও সহকারী কর্মীর পদোন্নতি এবং কর্মজীবনের বিকাশ এবং ছাত্র-ছাত্রীর আভ্যন্তরীণ মূল্যায়ন নির্ভর করবে। এইক্ষেত্রে বিদ্যালয়ের নিয়মাবলীতে শিক্ষকের সুবিধার্থে দেওয়া কিছু উল্লেখযোগ্য বিষয় হচ্ছে—

উপস্থিতিঃ- বিদ্যালয়সমূহে পঞ্জীয়ন পুস্তিকায় নামভর্তি এবং দৈনিক উপস্থিতির তথ্য রাখবেন এবং অনলাইনে শিক্ষাসেতুর মাধ্যমে উপস্থিতির হিসাব রাখবেন। (https://sikshasetu. assam.gov.in)

বিদ্যালয়ে উপস্থিত না থাকা কোনো শিশুর শেখার ঘাটতি পূরণ করতে বিশেষ শ্রেণি ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

নিয়মানুবর্তিতাঃ- ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে দেরি করে আসার অভ্যাসটি গুরুত্ব সহকারে দেখতে হবে এবং দেরি হবার কারণসমূহ Case study এর মাধ্যমে বের করা উচিত।

বিদ্যালয়ের সম্পত্তি সুরক্ষিতকরণ ঃ- বিদ্যালয় চৌহদের চারিদিকে দেয়াল! বেড়া ও বন্ধ করার উপযোগী প্রবেশদ্বার সহিত সুরক্ষিত হওয়া উচিত। শ্রেণিকক্ষগুলিও তালা-চাবির ব্যবস্থাযুক্ত হওয়া উচিত। জল ও শক্তি সংরক্ষণের ক্ষেত্রেও প্রয়োজনীয় ব্যবস্থা, যথা— বৈদ্যুতিক বাতি, পাখা, জলের কল ব্যবহারের পর বন্ধ করা উচিত। বিদ্যালয়ের সমস্ত স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব রেজিস্টার খাতায় অন্তর্ভুক্তির ব্যবস্থা করা উচিত।

বিদ্যালয় পরিচালনা সমিতি/বিদ্যালয় উন্নয়ন ও পরিচালনা সমিতির ভূমিকা ঃ- সমগ্র শিক্ষা অসমের অনুমোদন মর্মে প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে একটি বিদ্যালয় পরিচালনা সমিতি (SMC) এবং প্রত্যেকটি মাধ্যমিক বিদ্যালয়ে একটি বিদ্যালয় উন্নয়ন ও পরিচালনা সমিতি (SMDC) গঠন করা একান্তই বাঞ্ছনীয়।

বার্ষিক প্রতিবেদনঃ- বিদ্যালয়ের বিভিন্ন বিষয়ের কৃতিত্ব, সহপাঠ্যক্রমের অভ্যসন প্রভৃতির প্রতিবেদন প্রস্তুত করে জেলা কর্তৃপক্ষের নিকট জমা দেওয়া উচিত।

বিদ্যাঞ্জলিঃ- এই বিদ্যালয় পরিকল্পনাটির মূল লক্ষ্য হচ্ছে সমগ্র দেশের সমাজ ও ব্যক্তিগত খণ্ড জড়িতকরণ দ্বারা বিদ্যালয়গুলোকে অধিক শক্তিশালী করে তোলা। বিদ্যালয় উন্নয়ন ও পরিচালনা সমিতির সভা, অভিভাবক এবং স্থানীয় ব্যক্তির সভা, বিদ্যালয়ের বিভিন্ন বৈঠক সমূহে বিদ্যাঞ্জলি বিষয়ক আলোচনা করা প্রয়োজন।

অভিভাবক বা পিতৃ-মাতৃ সভা ঃ- একটি শৈক্ষিক বর্ষে তিনটি অভিভাবক সভা আয়োজন করা বাঞ্ছনীয়। প্রতিটি সভার প্রতিবেদন লিপিবদ্ধ করে রাখা উচিত। সভায় অভিভাবক ও পিতৃ-মাতৃগণের উপস্থিতি সুনিশ্চিত করার জন্য তাদেরকে যথেষ্ট উৎসাহিত করা উচিত।

মধ্যাহ্ন ভোজন/পি. এম. পোষণ শক্তি নির্মাণঃ- বিদ্যালয় উন্নয়ন ও পরিচালনা সমিতির বৈঠকে এই বিষয়ে আলোচনা বাধ্যতামূলক।

ছাত্র-ছাত্রীর গৃহ ভ্রমণ ঃ- ছাত্র-ছাত্রীর পরিবার ও বিদ্যালয় কর্তৃপক্ষের একাত্মবোধ সুনিশ্চিতকরণের জন্য ছাত্র-ছাত্রীর গৃহ ভ্রমণ একটি ফলপ্রসূ পদক্ষেপ।

প্রধান শিক্ষক/শ্রেণি শিক্ষকের কর্তব্য ঃ- প্রধান শিক্ষক হচ্ছেন বিদ্যালয়ের প্রশাসনিক ও শৈক্ষিক বিষয়ের প্রধান স্বরূপ। কর্তৃপক্ষের নির্দেশনা ও শৈক্ষিক দিনপঞ্জি অনুযায়ী দৈনিক শ্রেণি পরিচালনা প্রধান শিক্ষকের কর্তব্য। এছাড়াও প্রত্যেক দিন একটি করে সপ্তাহে মোট পাঁচটি ক্লাস প্রধান শিক্ষক করবেন ও অন্যান্য শিক্ষকের উপস্থিতি ও দায়িত্ব নিরীক্ষণ করবেন। গণিত ও বিজ্ঞানের শিক্ষকগণ মাতৃভাষা ছাড়াও ইংরাজি মাধ্যমে পাঠদান করবেন।

পরিষ্কার বিদ্যালয় চৌহদ/সবুজ বিদ্যালয় ঃ- একটি বিদ্যালয়ের পরিবেশ অত্যন্ত পরিষ্কার ও সবুজ হওয়া উচিত। ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবক ও সমাজ এইক্ষেত্রে দায়বদ্ধ থাকবে।

মূল্যবোধ শিক্ষাঃ(Value Education)

পাঠ্যক্রম প্রস্তুতির ক্ষেত্রে সাম্প্রতিক কালে মূল্যবোধ শিক্ষাকে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। মূল্যবোধ শিক্ষা বলতে আমরা শিশুদের মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রেখে একসঙ্গে থাকতে শেখার জন্য প্রয়োজনীয় গুণাবলীর বিকাশ বুঝি। যদিও মূল্যবোধ শিক্ষা পৃথক বিষয় হিসেবে শেখানো হয়না এবং এর জন্য কোনো পর্যায়ে কোনো পরীক্ষা অনুষ্ঠিত হয়না, তথাপি বিদ্যালয়ের ভেতরে ও বাইরে বিভিন্ন কার্যকলাপের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যে মূল্যবোধ গড়ে তুলতে হবে। বিভিন্ন প্রকারের মূল্যবোধ, যেমন— দায়িত্ববোধ, সহযোগিতা, দয়াশীলতা, সহনশীলতা, সততা, সম্মান, সমমর্মিতা, অনুশাসন, সামাজিক চেতনা ইত্যাদির বিকাশের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা বর্তমান এবং ভবিষ্যতের প্রত্যাহ্বানসমূহের সঙ্গে মোকাবিলা করতে সক্ষম হবে।

মূল্যবোধ বিকাশের জন্য বিভিন্ন প্রকার কার্যকলাপের উদাহরণ নীচে দেওয়া হল-

- প্রাতঃসভা-সকালবেলার সমাবেশ।
- মহৎ ব্যক্তির বাণী আদান-প্রদান করা।
- খেলা ও ক্রীড়া, যোগাসন ইত্যাদির আয়োজন
- জাতীয় দিবস উদযাপন।
- সাংস্কৃতিক অনুষ্ঠান- প্রতিযোগিতার আয়োজন।
- শিক্ষামূলক ভ্রমণ, ক্ষেত্র ভ্রমণ, শৈক্ষিক শিবির, মূল্যবোধ শিবির।
- বিদ্যালয়ে স্কাউট ও গাইড সম্পর্কীয় কার্যকলাপের প্রবর্তন।
- বিদ্যালয়ের চারপাশের সাফাই অভিযান, বাগান করা, বৃক্ষরোপন।
- আশেপাশে ও পাড়াতে সমাজসেবামূলক কাজ করা।
- স্থানীয় নির্দিষ্ট বিষয়সমূহের ক্ষেত্রে প্রকল্পের কাজ (Project work) করা।
- বার্ষিক ক্রীড়া সপ্তাহের আয়োজন।
- ছাত্র-ছাত্রীদের অভিভাবক ও সমাজের অভিজ্ঞ ব্যক্তির উপস্থিতিতে তাদের কৃতিত্বের জন্য সম্বর্ধনা জানানো ইত্যাদি।

বার্ষিক কার্য পরিকল্পনা

শৈক্ষিক বর্ষ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে করণীয় কার্যসমূহ যাতে সুষ্ঠভাবে করতে পারা যায় তার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ আগে থেকে বার্ষিক পরিকল্পনা প্রস্তুত করে নেওয়া নিতান্ত বাধ্যতামূলক। ক্রিয়াকলাপসমূহ এবং সেই সঙ্গে মূল্যায়ন করে উপযুক্ত নথি-পত্রে সংরক্ষণ করে রাখবেন।

কার্য	নির্ধারিত সময়
প্রাতঃসভা	প্রতিদিন ১৫ মিনিট
গাছের চারা রোপন ও বাগানের কাজ	মাসের একটি পিরিওড সকলের জন্য এবং প্রতিদিন ৩০ মিনিট সময় বাগানের দেখা-শোনার জন্য এক একটি গোষ্ঠী দায়িত্ব নেবে।
বিশেষ দিবস উদ্‌যাপন নির্ধারণ করবে।	একটি দিবস উদ্‌যাপনের জন্য খুব বেশি তিন পিরিওড সময়ের প্রয়োজন হবে বলে নিশ্চিত করা যায়।
সাহিত্য-সংস্কৃতিমূলক অনুষ্ঠান অনুষ্ঠিত করা (কমপক্ষে দশটি দিক যেমন- গান, নৃত্য, অভিনয়, মূকাভিনয়, তর্ক, রচনা প্রতিযোগিতা, আকস্মিক বক্তৃতা, কুইজ, আবৃত্তি, সৃজনাত্মক লেখনি ইত্যাদি)	প্রতিটি কার্যক্রমের জন্য তিন পিরিওড করে বছরে দুবার অনুষ্ঠিত করবে।
বার্ষিক খেলা-ধুলো	দিন (শেষের দিন পুরস্কার বিতরণী দিন হিসাবে পালন করবেন)
সামাজিক কাজ-কর্ম	বছরে অন্তত দুবার পিরিওড নির্ধারণ করবেন।
কাব-বুলবুল/স্কাউট-গাইড সম্পর্কীয় কাজ-কর্ম	বছরে ৪০টা পিরিওড নির্ধারণ করবেন।
ক্ষেত্র ভ্রমণ / শৈক্ষিক ভ্রমণ / বনভোজ	২ দিন বা ১০ ঘন্টা

দৈনিক সময় সারণির নমুনা (১ম শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত)

বার	শ্রেণি	৯.০০-৯.১৫	৯.১৫-১০.০০ ১ম পিরিয়ড	১০.০০-১০.৪০ ২য় পিরিয়ড	১০.৪০-১০.৫০	১০.৫০-১১.৩০ ৩য় পিরিয়ড	১১.৩০-১২.১০ ৪র্থ পিরিয়ড	১২.১০-১২.৪৫	১২.৪৫-১.২৫ ৫ম পিরিয়ড	১.২৫-২.০৫ ৬ষ্ঠ পিরিয়ড	২.০৫-২.৪৫ ৭ম পিরিয়ড	২.৪৫-৩.২৫ ৮ম পিরিয়ড
সোম	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ভাষা ১	গণিত	প্রথম বিরতি	ইংরেজি	পঠনশ্রেণি	মধ্যাহ্ন ভোজন বিরতি	ভাষা ১	কলা শিক্ষা	এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহ অভ্যাস করার জন্য বিদ্যালয়ে থাকতে পারবে এবং বাকী ছাত্রছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় থেকে চলে যাবে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের অভ্যাস পর্যবেক্ষণ করে সেগুলো মূল্যায়ন করার সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা/ অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।	
	২য়		ভাষা ১	ইংরেজি		গণিত	কলা শিক্ষা		ভাষা ১	পঠনশ্রেণি		
	৩য়		ভাষা ১	গণিত		কলা শিক্ষা	পরিবেশ অধ্যয়ন		ইংরেজি			
	৪র্থ		গণিত	ভাষা ১		পরিবেশ অধ্যয়ন	ইংরেজি		স্বাঃ শাঃ শিক্ষা	পঠনশ্রেণি		
	৫ম		ভাষা ১	গণিত		ইংরেজি	পরিবেশ অধ্যয়ন		কলা শিক্ষা			
	৬ষ্ঠ		বিজ্ঞান	ইংরেজি		ভাষা ১	গণিত		ICT	হিন্দি	সমাজ বিজ্ঞান	গ্রন্থাগার শ্রেণি
	৭ম		গণিত	বিজ্ঞান		ইংরেজি	সমাজ বিজ্ঞান		ভাষা ১	কলা শিক্ষা	গ্রন্থাগার শ্রেণি	হিন্দি
	৮ম		ইতিহাস ও রাজনীতি	ইংরেজি		বিজ্ঞান	গণিত		হিন্দি	গ্রন্থাগার শ্রেণি	কলা শিক্ষা	ভাষা ১
মঙ্গল	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ভাষা ১	ইংরেজি	প্রথম বিরতি	গণিত	ভাষা ১	মধ্যাহ্ন ভোজন বিরতি	কলা শিক্ষা	স্বাঃ শাঃ শিক্ষা	এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহ অভ্যাস করার জন্য বিদ্যালয়ে থাকতে পারবে এবং বাকী ছাত্রছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় থেকে চলে যাবে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের অভ্যাস পর্যবেক্ষণ করে সেগুলো মূল্যায়ন করার সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা/ অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।	
	২য়		ভাষা ১	গণিত		ভাষা ১	স্বাঃ শাঃ শিক্ষা		ইংরেজি	পঠনশ্রেণি		
	৩য়		ভাষা ১	ইংরেজি		স্বাঃ শাঃ শিক্ষা	গণিত		পঠনশ্রেণি	পরিবেশ অধ্যয়ন		
	৪র্থ		ইংরেজি	পরিবেশ অধ্যয়ন		গণিত	ভাষা ১		স্বাঃ শাঃ শিক্ষা	পঠনশ্রেণি		
	৫ম		ভাষা ১	গণিত		পরিবেশ অধ্যয়ন	ইংরেজি					
	৬ষ্ঠ		সমাজ বিজ্ঞান	গণিত		ভাষা ১	বিজ্ঞান		হিন্দি	ইংরেজি	কলা শিক্ষা	গ্রন্থাগার শ্রেণি
	৭ম		বিজ্ঞান	ইংরেজি		গণিত	ভাষা ১			হিন্দি	গ্রন্থাগার শ্রেণি	সমাজ বিজ্ঞান
	৮ম		ভাষা ১	গণিত		ভূগোল ও অর্থনীতি	বিজ্ঞান		ইংরেজি	গ্রন্থাগার শ্রেণি	হিন্দি	কলা শিক্ষা
বুধ	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ভাষা ১	ইংরেজি	প্রথম বিরতি	গণিত	পঠন শ্রেণি	মধ্যাহ্ন ভোজন বিরতি	ভাষা ১	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহ অভ্যাস করার জন্য বিদ্যালয়ে থাকতে পারবে এবং বাকী ছাত্রছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় থেকে চলে যাবে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের অভ্যাস পর্যবেক্ষণ করে সেগুলো মূল্যায়ন করার সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা/ অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।	
	২য়		ভাষা ১	গণিত		ইংরেজি	ভাষা ১		গণিত	ভাষা ১		
	৩য়		ভাষা ১	পরিবেশ অধ্যয়ন		গণিত	কলা শিক্ষা		পঠনশ্রেণি	ইংরেজি		
	৪র্থ		পরিবেশ অধ্যয়ন	গণিত		ভাষা ১	ইংরেজি		কলা শিক্ষা	পঠনশ্রেণি		
	৫ম		গণিত	ভাষা ১		ইংরেজি	পরিবেশ অধ্যয়ন		স্বাঃ শাঃ শিক্ষা	কলা শিক্ষা		
	৬ষ্ঠ		ইংরেজি	গণিত		ভাষা ১	বিজ্ঞান		সমাজ বিজ্ঞান	স্বাঃ শাঃ শিক্ষা	হিন্দি	কলা শিক্ষা
	৭ম		সমাজ বিজ্ঞান	বিজ্ঞান		গণিত	ইংরেজি		হিন্দি	কলা শিক্ষা	ভাষা ১	স্বাঃ শাঃ শিক্ষা
	৮ম		বিজ্ঞান	ইংরেজি		গণিত	ভাষা ১		ইতিহাস ও রাজনীতি	ICT	স্বাঃ শাঃ শিক্ষা	হিন্দি
বৃহস্পতি	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ভাষা ১	গণিত	প্রথম বিরতি	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	ভাষা ১	মধ্যাহ্ন ভোজন বিরতি	গণিত	ইংরেজি	এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহ অভ্যাস করার জন্য বিদ্যালয়ে থাকতে পারবে এবং বাকী ছাত্রছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় থেকে চলে যাবে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের অভ্যাস পর্যবেক্ষণ করে সেগুলো মূল্যায়ন করার সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা/ অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।	
	২য়		ভাষা ১	স্বাঃ শাঃ শিক্ষা		গণিত	ইংরেজি		ভাষা ১	কলা শিক্ষা		
	৩য়		ভাষা ১	ইংরেজি		পরিবেশ অধ্যয়ন	গণিত		স্বাঃ শাঃ শিক্ষা	পরিপূরক শিক্ষা		
	৪র্থ		পরিবেশ অধ্যয়ন	ভাষা ১		গণিত	ইংরেজি		কলা শিক্ষা	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা		
	৫ম		ইংরেজি	গণিত		পরিবেশ অধ্যয়ন	ভাষা ১		মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	গ্রন্থাগার শ্রেণি		
	৬ষ্ঠ		গণিত	ভাষা ১		সমাজ বিজ্ঞান	বিজ্ঞান		গ্রন্থাগার শ্রেণি	হিন্দি	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	ইংরেজি
	৭ম		ভাষা ১	গণিত		বিজ্ঞান	ইংরেজি		হিন্দি	সমাজ বিজ্ঞান		গ্রন্থাগার শ্রেণি
	৮ম		ভূগোল ও অর্থনীতি	বিজ্ঞান		ভাষা ১	গণিত		ইংরেজি	গ্রন্থাগার শ্রেণি	হিন্দি	পরিপূরক শিক্ষা
শুক্র	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ভাষা ১	পরিপূরক শিক্ষা	প্রথম বিরতি	গণিত	ভাষা ১	মধ্যাহ্ন ভোজন বিরতি	ইংরেজি	স্বাঃ শাঃ শিক্ষা	এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহ অভ্যাস করার জন্য বিদ্যালয়ে থাকতে পারবে এবং বাকী ছাত্রছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় থেকে চলে যাবে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের অভ্যাস পর্যবেক্ষণ করে সেগুলো মূল্যায়ন করার সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা/ অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।	
	২য়		ভাষা ১	ইংরেজি		পরিপূরক শিক্ষা	গণিত		মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	ভাষা ১		
	৩য়		ভাষা ১	গণিত		ইংরেজি	পরিবেশ অধ্যয়ন		পরিপূরক শিক্ষা	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা		
	৪র্থ		গণিত	ভাষা ১		পরিবেশ অধ্যয়ন	ইংরেজি		কলা শিক্ষা	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা		
	৫ম		ভাষা ১	গণিত		ইংরেজি	পরিপূরক শিক্ষা		পরিবেশ অধ্যয়ন			
	৬ষ্ঠ		বিজ্ঞান	ভাষা ১		গণিত	হিন্দি		সমাজ বিজ্ঞান	ইংরেজি	পরিপূরক শিক্ষা	স্কাউট গাইড
	৭ম		ভাষা ১	গণিত		বিজ্ঞান	পরিপূরক শিক্ষা		হিন্দি	সমাজ বিজ্ঞান	ইংরেজি	
	৮ম		বিজ্ঞান	ভাষা ১		গণিত	ইতিহাস ও রাজনীতি		ইংরেজি	হিন্দি	পরিপূরক শিক্ষা	
শনি	১ম	সাফাই, প্রার্থনাসভা, দিনের কার্যাবলীর পরিকল্পনা	ইংরেজি	ভাষা ১/ গণিত	প্রথম বিরতি	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা	গণিত	পরিপূরক শিক্ষা	গ্রন্থাগার শ্রেণি: এই পিরিয়ডের তত্ত্বাবধায়ক শিক্ষক শ্রেণি অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভিন্ন ভিন্ন বিষয়ের প্রসঙ্গে পুস্তক অধ্যয়নের সুবিধা প্রদান করবেন। নির্ধারিত সময়ের পর শিক্ষক ছাত্র-ছাত্রীদের অধ্যয়নভিত্তিক মূল্যায়ন করবেন। মূল্যবোধভিত্তিক অভিজ্ঞতা: এই পিরিয়ডের শিক্ষক প্রতিটি বিষয়ের সঙ্গে জড়িয়ে থাকা মূল্যবোধভিত্তিক শিক্ষার বিভিন্ন দিকগুলোর যথাসম্ভব প্রায়োগিক অভ্যাস করাবেন। কর্ম শিক্ষা: এই পিরিয়ডের শিক্ষক কর্মশিক্ষার নির্ধারিত কার্যাবলীর সঙ্গে অন্যান্য উপকরণ, যেমন-সুপারি, খোলা, কাগজপত্র, বাঁশ, নাটক ইত্যাদির মাধ্যমে বৃত্তিমূলক শিক্ষার প্রস্তুতির জন্য ছাত্র-ছাত্রীদের অনুশীলন করাবেন।			
	২য়		ইংরেজি	গণিত			ভাষা ১/ গণিত					
	৩য়		গণিত	ইংরেজি		পরিবেশ অধ্যয়ন	স্বাঃ শাঃ শিক্ষা	মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতা				
	৪র্থ		ভাষা ১	গণিত		ইংরেজি	পরিবেশ অধ্যয়ন					
	৫ম		ইংরেজি	ভাষা ১		পরিবেশ অধ্যয়ন	গণিত	পরিপূরক শিক্ষা				
	৬ষ্ঠ		বিজ্ঞান	গণিত		ভাষা ১	ইংরেজি	কর্ম শিক্ষা				
	৭ম		সমাজ বিজ্ঞান	ভাষা ১		গণিত	বিজ্ঞান					
	৮ম		গণিত	ইংরেজি		ভাষা ১	বিজ্ঞান					

বিদ্যালয় ছুটি হওয়ার সময় অসমের জাতীয় সংগীতটি সকলে মিলে গাইবে এবং বিদ্যালয়ের কার্যসূচি শেষ করবে।

ওপরোক্ত সময় সারণীটি একটি পরামর্শমূলক তালিকা। এই তালিকার ভিত্তিতে প্রতিটি বিদ্যালয় নিজের পছন্দ মতো তালিকা প্রস্তুত করে নিতে পারবে

বহুশ্রেণি-বহুস্তরীয় শেখার ব্যবস্থা

বহুশ্রেণি-বহুস্তরীয় শেখার প্রক্রিয়ায় শিক্ষক-শিক্ষয়িত্রী শ্রেণিকক্ষে শেখার যথোচিত সুবিধা প্রদান করে ছাত্র-ছাত্রীদের অর্থপূর্ণ শিক্ষাগ্রহণের দিকে এগিয়ে নিয়ে যায়। ছাত্র-ছাত্রীদের নিজস্ব পর্যবেক্ষণ, অন্বেষণ এবং ভিন্ন ভিন্ন বিষয়ের উপর নিজস্ব চিন্তাধারা প্রকাশের ক্ষেত্রে এই শিক্ষাব্যবস্থায় যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়।

শিক্ষক-শিক্ষয়িত্রী বিদ্যালয়ের সামগ্রিক পরিবেশের সঙ্গে সঙ্গতি রেখে বহুশ্রেণি-বহুস্তরীয় শেখনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এই ক্রিয়াকলাপগুলি করার সময় শিক্ষক-শিক্ষয়িত্রী চলিত বর্ষের শৈক্ষিক দিনপঞ্জিতে উল্লিখিত দৈনিক সময় সারণীর সঙ্গে সামঞ্জস্য বজায় রাখা বাধ্যতামূলক।

স্কুলব্যাগমুক্ত দিন

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি অধ্যয়নের প্রত্যেকজন ছাত্র-ছাত্রী বৎসরে ১০ দিন স্কুলব্যাগমুক্ত দিন হিসাবে পাঠ্যপুস্তক ছাড়া দক্ষতা অর্জনের সুযোগ পাওয়া উচিত। তাঁদের বিভিন্ন বৃত্তিতে দক্ষতা সম্পন্ন কুটির শিল্পী মালি, মৃৎশিল্পী ইত্যাদি ব্যক্তির সান্নিধ্যে কর্ম অভিজ্ঞতা অর্জন করার সুযোগ দেওয়া যেতে পারে। স্কুলব্যাগমুক্ত দিন গুলোতে চিত্রাঙ্কন, কুইজ, খেলাধূলা, বৃত্তিমূলক কাজে অংশগ্রহণ, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক গুরুত্ব সম্পন্ন স্থান বা উচ্চ শিক্ষার শিক্ষানুষ্ঠান ভ্রমণ ইত্যাদি কার্যসূচি গ্রহণ করা যেতে পারে। প্রতিটি বিদ্যালয় নিজের সুবিধা মত এই ১০ দিন বেছে নেবে।

পরিপূরক পাঠদানের প্রয়োজনীয়তা সম্পর্কে

ভারত সরকার No.1 NEW DELHI, FRIDAY, JANUARY 11, 2019/PAUSHA21, 1940 (SAKA) অধিসূচনা অনুসারে শিক্ষার অধিকার আইন, ২০০৯ এর ১৬ নং এবং ৩৮ নং ধারা সংশোধন করে শিক্ষার অধিকার (সংশোধনী) আইন, ২০১৯ প্রবর্তন করেন।

এই সংশোধনের আধারে অসম সরকারের তরফ থেকে No. E-228812/27 dated 1st November, 2022 অধিসূচনার ভিত্তিতে উক্ত আইনটির কার্যকরীকরণের উদ্দেশ্যে পঞ্চম এবং অষ্টম শ্রেণির জন্য বাৎসরীক পরীক্ষা অনুষ্ঠিত করার বিষয়টি উল্লেখ করা হয়েছে। যদি উক্ত দুই শ্রেণির কোনো শিশু সেই পরীক্ষার আশানুরূপ ফলাফল প্রদর্শন করতে না পারে, তবে বিদ্যালয় কর্তৃপক্ষ সেই শিশুর জন্য পরীক্ষার ফলাফলর পাছেই পরিপূরক পাঠদানের ব্যবস্থা করে পুনরায় পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ করে দিতে হবে।

সুতরাং শিক্ষাবর্ষের গোড়ার দিক থেকেই শিক্ষক-শিক্ষয়িত্রীরা প্রত্যেক শ্রেণির ছাত্র-ছাত্রীদের শেখার অগ্রগতির প্রতি লক্ষ্য রাখবেন। নিয়মিত পাঠদানের পাশাপাশি অধিক শেখার প্রয়োজন রয়েছে এমন শিশুদের জন্য পরিপূরক পাঠদানের ব্যবস্থা করবেন যাতে সব শিশুরাই কাংক্ষিত ফলাফল প্রাপ্তিতে সফল হতে পারে।

বিদ্যালয়ে গ্রন্থাগার সম্পর্কীয় ব্যবস্থাবলি

প্রত্যেক বিদ্যালয়ে গ্রন্থাগার এবং প্রতিটি শ্রেণিকক্ষে পঠন কোণ থাকা বাধ্যতামূলক। বিদ্যালয়গুলিতে যোগানো পঠন সামগ্রীগুলি বা বইগুলি গ্রন্থাগার ও পঠন কোণে ভালোভাবে এবং ছাত্র-ছাত্রীদের হাতে সহজলভ্য হয় সেভাবে রাখা উচিত। বইগুলির ক্রমিক নম্বর সহকারে নিবন্ধন পুস্তিকায় লিপিবদ্ধ করে রাখতে হবে। গ্রন্থাগার পরিচালনা সমিতি (Library Management Committee) গঠন করে সক্রিয় করতে হবে। গ্রন্থাগারের বই ব্যবহারের ক্ষেত্রে পাঠানো নির্দেশাবলিতে উল্লিখিত অনুযায়ী বিদ্যালয়ের একজন শিক্ষককে গ্রন্থাগারের সঠিক ব্যবহারের দায়িত্ব অর্পণ করা উচিত।

প্রত্যেক ছাত্র-ছাত্রীরা যাতে গ্রন্থাগারের বইগুলি পড়ে সেই বিষয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক অথবা গ্রন্থাগারের দায়িত্বে থাকা শিক্ষক নিশ্চিত করবেন। যে ছাত্র-ছাত্রী সকলইতে বেশি বই পড়ে তাকে বিদ্যালয় কর্তৃপক্ষের তরফ থেকে বার্ষিক পুরস্কার প্রদানের ব্যবস্থা থাকতে হবে। গ্রন্থাগার পিরিয়তে (Library Period) ছাত্র-ছাত্রীরা যে বইগুলি পড়বে তার উপর মাঝে মাঝে দলগত আলোচনা করতে দেওয়া উচিত। তাদের পঠিত অভিজ্ঞতা প্রার্থনসভাতও বলতে দিতে পারেন।

মাঝে মাঝে ছাত্র-ছাত্রীদের মধ্যে গল্প বলা, নিজের ভাষায় গল্প লেখা ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করতে পারেন। এই ধরণের ক্রিয়াকলাপে পিতৃ-মাতৃ, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা সমিতি, শিক্ষাবিদ দেরও জড়িত করতে পারেন।

বিদ্যালয়ে স্কুল ব্যাগ/সামগ্রী/কর্মপুস্তিকার ওজন হ্রাস করার ক্ষেত্রে সরকারী নির্দেশাবালি

স্কুল ব্যাগ ও অন্যান্য সামগ্রীর ওজন সীমিত করার উদ্দেশ্যে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ থেকে কার্যকরি হয় এমনভাবে শিক্ষা বিভাগ, অসম সরকার শিক্ষা বিভাগগুলিতে প্রেরণ করা বিজ্ঞপ্তি অনুযায়ী:-

- প্রথম ও দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের গৃহকর্ম দেওয়া হবেনা।
- প্রথম ও দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য কোনো বিদ্যালয় ভাষা ও গণিত ছাড়া অন্য কোনো বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে না।
- তৃতীয় এবং পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য এন সি ই আর টি/এস সি ই আর টি ভাষা, পরিবেশ বিজ্ঞান ও গণিত অন্তর্ভুক্ত করেছে।

যে বিদ্যালয়গুলি প্রথম এবং দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের গৃহকার্য এবং প্রথম থেকে পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে এন সি ই আর টি/এস সি ই আর টি কর্তৃক নির্দেশিত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়গুলি অন্তর্ভুক্ত করবে সেই বিদ্যালয়গুলির স্বীকৃতি বাতিল করা হবে।

- স্কুল ব্যাগের সর্বাধিক ওজন নিম্নলিখিত সীমা অতিক্রম করতে পারবে না।

ক্রমিক নং	শ্রেণি	সর্বাধিক ওজন (কিগ্রা)
১/	১ম, ২য়	১.৫ কিগ্রা
২/	৩য়, ৪র্থ, ৫ম	২-৩ কিগ্রা
৩/	৬ষ্ঠ, ৭ম, ৮ম	৪ কিগ্রা
৪/	৮ম, ৯ম	৪.৫ কিগ্রা
৫/	১০ম	৫ কিগ্রা

উল্লেখযোগ্য যে আমাদের রাজ্যে এই ক্ষেত্রে বিদ্যালয়গুলির শ্রেণিসমূহের স্কুল ব্যাগের ওজন উল্লিখিত তালিকার চেয়ে বেশি নয়।

স্বাস্থ্যবিধি সম্পর্কে শিক্ষক-শিক্ষয়িত্রীদের দায়িত্ব ও ভূমিকা

- ❑ ছাত্র দলের দ্বারা পালা করে শ্রেণিকক্ষ ও বিদ্যালয় প্রাঙ্গণ পরিষ্কার করা।
- ❑ স্বচ্ছতা ও স্বাস্থ্যবিধির অধীনস্থ ক্রিয়াকলাপসমূহ কে, কখন পালন করবে তা নির্ধারণ করা।
- ❑ শিক্ষক-শিক্ষয়িত্রী ও বিদ্যালয় পরিচালনা সমিতির পরামর্শ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের দ্বারা পালা করে পানীয় জলের উৎস ও শৌচাগার সুচল করে রাখার তদারকীকরণ।
- ❑ বিদ্যালয়ের তত্ত্বাবধানের জন্য প্রাপ্ত অনুদানের টাকায় বিদ্যালয় পরিচালনা সমিতির দ্বারা পানীয় জলের উৎস ও শৌচাগারের মেরামতি করা।
- ❑ ছাত্র-ছাত্রীদের দ্বারা পালিত স্বাস্থ্যবিধি সম্পর্কীয় ক্রিয়াকলাপসমূহ শিক্ষক-শিক্ষয়িত্রীর কর্তৃক দৈনিক নিরীক্ষণ।

শৈক্ষিক দিনপঞ্জি সম্পর্কে আপনাদের মূল্যবান মতামত/পরামর্শ নিম্নলিখিত ই-মেইল-এর মাধ্যমে আমাদের অবগত করুন -
cmd@scertassam.in